Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
# (Emergency Plan & Procedure)

☐ এপেক্স ল্যানজারী লিমিটেড ☐ এপেক্স ইয়ার্ন ডাইং লিমিটেড ☐ এপেক্স ফ্যাশন ওয়্যার লিমিটেড
☐ এপেক্স স্পিনিং এন্ড নিটিং মিলস্ লিমিটেড ☐ এপেক্স টেক্সটাইল প্রিন্টিং মিলস্ লিমিটেড

## ১.১ ভুমিকা ঃ

জরুরী পরিকল্পনা হল একটি নির্দিষ্ট ক্রম বা পদ্বতিতে পরিচালিত করনীয় পরিকল্পনা, যা অনাকাংক্ষিত দূর্ঘটনা বা অপ্রত্যাশিত পরিস্থিতিতে জীবন, সম্পদ এবং পরিবেশের ঝুকি প্রতিরোধে ভুমিকা পালন করে। এই অপ্রত্যাশিত পরিস্থিতি মোকাবেলায় যে পরিকল্পনা প্রনয়ন করা হয় তাই জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা হিসাবে বিবেচিত হবে।

## ১.২ উদ্দেশ্য ও লক্ষ্য (আর.এফ-১) ঃ

জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনার উদ্দেশ্য হচ্ছে-

(ক) অনাকাংক্ষিত বা অপ্রত্যাশিত দূর্ঘটনায় সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলায় প্রতিষ্ঠানকে সর্বাত্নক প্রস্তুত রাখা।
(খ) সম্পদ, জীবন এবং পরিবেশের ঝুকি প্রতিরোধ করা।
(গ) প্রানহানি ও যখম রোধ এবং ক্ষয়ক্ষতির পরিমান হ্রাস করা।
(ঘ) অনাকাংক্ষিত বা অপ্রত্যাশিত দূর্ঘটনা সংঘটিত হলে তৎক্ষনাৎ কার্যকর পদক্ষেপ গ্রহন করা।

## ১.৩ আওতাঃ

এই নীতিমালা এপেক্স হোল্ডিংস লিমিটেড এর ব্যবস্থাপনায় পরিচালিত উপরোল্লেখিত কারখানাসমূহের সকল কর্মস্থলে বা পন্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি একই ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্ঠান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্ঠানেও সমভাবে প্রযোজ্য হবে।

## ১.৪ অঙ্গীকারঃ

এপেক্স হোল্ডিংস লিমিটেড দূর্ঘটনা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহনের মাধ্যমে উপযুক্ত কর্ম পরিবেশ নিশ্চিত করতে সর্বাত্তক প্রচেষ্টা অব্যাহত রাখবে। এছাড়া যে কোন ধরনের অনাকাঙ্খিত দূর্ঘটনা মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনেও এই প্রতিষ্ঠান বদ্ধপরিকর ।

| Prepared By | Reviewed By | Approved By |
|---|---|---|
| Md. Azibul Haque | Md. Harun or Rashid | Eifaz Ahmed |
| Deputy Manager | GM Compliance | Director |

APEX HOLDINGS LIMITED GAZIPUR

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রথম অনুমোদনের তারিখ | : | ০১-জুলাই-২০১৫ | পলিসি নং | : | ০২০ | সংস্করণ নং | : | ০৫ |
| রিভিশন নং | : | ০৭ | রিভিউ তারিখ | : | ৩০-অক্টোবর-২০২২ | কার্যকর তারিখ | : | ৩০-অক্টোবর-২০২২ |

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
# (Emergency Plan & Procedure)

## ২.০ জরুরী অবস্থা মোকাবেলা কর্মপরিকল্পনা ঃ

### ২.১ কারখানার প্রত্যাশিত নিরাপত্তা ব্যবস্থা ( Aspects of factory safety) ঃ

(ক) মানুষ্য সৃষ্ট বা প্রাকৃতিক ভাবে সংঘটিত সম্ভাব্য আপদকালীণ সমস্যা মোকাবেলা প্রতিরোধ ব্যবস্থা গ্রহন।

(খ) বিভিন্ন জরুরী পরিস্থিতি মোকাবেলায় করনীয় নির্ধারন।

(গ) জরুরী অগ্নি মোহড়া মাধ্যমে দূর্ঘটনা কালীণ করনীয় বিষয় সম্পর্কে সচেতন করা।

(ঘ) কারখানায় কর্মরত সকলের জীবনের নিরাপত্তায় প্রতিরোধ মূলক ব্যবস্থা নিশ্চিত করা।

(ঙ) ঝুকি নিরসনে সম্ভাব্য আপদকালীন সমস্যা চিহ্নিত করন ও সমাধানে পরিকল্পিত পদক্ষেপ গ্রহন।

(চ) দূর্ঘটনা পূর্ববর্তী, চলাকালীণ ও পরবর্তী করনীয় নির্ধারণ এর মাধ্যমে প্রান হানি ও ক্ষয়-ক্ষতি হ্রাস করা।

(ছ) জরুরী মূহূর্তে প্রয়োজনীয় নিরাপত্তায় জরুরী দল গঠন করা।

(জ) কর্মরত শ্রমিকদের নিরাপত্তায়, জরুরী মূহূর্তে করনীয় নির্ধারণ পূর্বক সকলকে সচেতন করা।

### ২.২ উৎপাদনের প্রকৃতি ও জনবল ঃ

কারখানার উৎপাদনের প্রকৃতি ও জনবল নিম্নে উপস্থাপন করা হলঃ

| কারখানার নাম | উৎপাদনের প্রকৃতি | প্রধান ব্যবহৃত কাঁচামাল | মোট জনবল (জন) | নিরপত্তায় দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|---|
| এপেক্স স্পিনিং নিটিং মিলস্ লিঃ | গার্মেন্টস | ফেব্রিক্স | ৫০৩০ | ব্যবস্থাপক- (প্রশাসন ও মানবসম্পদ) |
| এপেক্স টেক্সটাইল প্রিটিং মিলস্ লিঃ | গার্মেন্টস | ফব্রিক্স | ৫৩০০ | ব্যবস্থাপক- (প্রশাসন ও মানবসম্পদ) |
| এপেক্স ল্যাঞ্জারী লিমিটেড | গার্মেন্টস | ফব্রিক্স | ৩৯৫০ | ব্যবস্থাপক- (প্রশাসন ও মানবসম্পদ) |
| এপেক্স ইয়ার্ন ডাইং লিমিটেড | ইয়ার্ন ডাইং | ইয়ার্ন | ৪৫০ | ব্যবস্থাপক- (প্রশাসন ও মানবসম্পদ) |
| এপেক্স ফ্যাশন ওয়্যার লিমিটেড | গার্মেন্টস | ফব্রিক্স | ৪৯৫০ | ব্যবস্থাপক- (প্রশাসন ও মানবসম্পদ) |

### ২.৩ বিল্ডিং এর জরুরী নিরাপত্তায় দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি ও জরুরী টিমের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিদের নিরাপত্তা নিশ্চিতে সমন্বয় (আর.এফ-১৫) ঃ

বিল্ডিং এর জরুরী অবস্থায় দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি ও জরুরী টিমের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তিগন প্রতি ৬ (ছয়) মাসে কমপক্ষে একবার যৌথ আলোচনা ব্যবস্থা করবে। এতে জরুরী পরিকল্পনায় উল্লেখিত বিষয়, এ পরিকল্পনা বাস্তবায়েন কোন প্রতিকূলতা পরিলক্ষিত হলে সমাধানে করনীয় ও জরুরী পরিকল্পনায় সঠিক বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হবে।

# Apex Holdings Limited

Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

## জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

### ২.৪ বিল্ডিং বিবরনী (Building Discription) :

### ২.৪.১ কারখানায় বিদ্যমান বিল্ডিং এর বিবরন ও জরুরী পরিস্থিতিতে যোগাযোগ ও মোকাবেলায় দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি (আর.এফ-২,৩) ঃ

| B NO | Factory | Building Name | Floor | Area (Sqft) | Operation | Occupancy | Responsible During Emergency |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | ASKML | Four story ASKML Building | Ground Floor | 25562 | Dying Finishing | 42 | Sr. Manager (HR & Admin) ASKML Cell: 01708455865 |
| 1 | ASKML | Four story ASKML Building | 1st Foor | 25562 | Garments Finishing | 380 | |
| 1 | ASKML | Four story ASKML Building | 2nd Floor | 25562 | Sewing | 375 | |
| 1 | ASKML | Four story ASKML Building | 3rd Floor | 25562 | Sewing | 355 | |
| 2 | ASKML | Single story dying shed | | 30895 | Dyeing | 60 | Asst. Manager (Admin-Fabrics) Cell: 01762215161 |
| 3 | ASKML | Single story dyeing finishing shed-2 | Ground Floor | 8968 | Dyeing Finishing | 48 | |
| 4 | ATPML | Single story dying finishing shed-3 | Ground Floor | 12, 398 | Dyeing | 30 | |
| 7 | AYDL | Single story widding shed | Ground | 62, 207 | Soft & hard winding | 184 | Manager (HR & Admin) AYDL Cell: 01815803644 |
| 8 | AYDL | Three story dyeing shed | Ground | | Batch preparation & hydro driver | 65 | |
| 8 | AYDL | Three story dyeing shed | 1st Floor | | Dyeing & Lab | 101 | |
| 8 | AYDL | Three story dyeing shed | 2nd Floor | | Cone windding | 142 | |
| 9 | ATPML | Seven Story ATPML building | Ground Floor | 71994 | Dyeing Finishing & printing | 552 | AGM- HR & Admin (ATPML) Cell: 01730025643 |
| 9 | ATPML | Seven Story ATPML building | Mezanine Floor | | Office & Lab | 140 | |

# Apex Holdings Limited

Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

## জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

| B NO | Factory | Building Name | Floor | Area (Sqft) | Operation | Occupancy | Responsible During Emergency |
|---|---|---|---|---|---|---|---|
| 9 | ATPML | Seven Story ATPML building | 1st Floor | 71994 | Knitting | 160 | AGM- HR & Admin (ATPML) Cell: 01730025643 |
| 9 | ATPML | Seven Story ATPML building | 2nd Floor | 71994 | Cutting & Office | 1275 | |
| 9 | ATPML | Seven Story ATPML building | 3rd Floor | 71994 | Sewing & Finishing | 1097 | |
| 9 | ATPML | Seven Story ATPML building | 4th Floor | 71994 | Cutting, Sewing & Finishing | 1147 | |
| 9 | ATPML | Seven Story ATPML building | 5th Floor | 71994 | Cutting, Sewing & Finishing | 1245 | |
| 9 | ATPML | Seven Story ATPML building | 6th Floor | 71994 | Store & piping section | 36 | |
| 10 | ATPML | Eight story chemical store building | Ground Floor | 6468 | Fabric batch | 40 | AGM- HR & Admin (ATPML) Cell: 01730025643 |
| 10 | ATPML | Eight story chemical store building | 1st Floor | 6468 | Finished Goods store | 10 | |
| 10 | ATPML | Eight story chemical store building | 2nd Floor | 6468 | Chemial store | 8 | |
| 10 | ATPML | Eight story chemical store building | 3rd Floor | 6468 | Chemial store | 10 | |
| 10 | ATPML | Eight story chemical store building | 4th Floor | 6468 | Office | 12 | AGM- HR & Admin (ATPML) Cell: 01730025643 |
| 10 | ATPML | Eight story chemical store building | 5th Floor | 6468 | Sample | 112 | |
| 10 | ATPML | Eight story chemical store building | 6th Floor | 6468 | Product Development | 48 | |
| 10 | ATPML | Eight story chemical store building | 7th Floor | 6468 | Office | 15 | |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

| B NO | Factory | Building Name | Floor | Area (Sqft) | Operation | Occupancy | Responsible During Emergency |
|---|---|---|---|---|---|---|---|
| 11 | ALL | Six story Apex Lingerie Building | Ground Floor | 34771 | WKD, NFD, Molding | 1037 | Manager- HR & Admin (ALL) Cell: 01787668781 |
| 11 | ALL | Six story Apex Lingerie Building | 1st Floor | 34771 | Cutting, Sample | 359 | |
| 11 | ALL | Six story Apex Lingerie Building | 2nd Floor | 34771 | Sewing | 730 | |
| 11 | ALL | Six story Apex Lingerie Building | 3rd Floor | 34771 | Finishing, QC room | 350 | |
| 11 | ALL | Six story Apex Lingerie Building | 4th Floor | 34771 | Sewing | 730 | |
| 11 | ALL | Six story Apex Lingerie Building | 5th Floor | 34771 | Sewing | 731 | |
| 12 | ALL | Single story warp kntting | | 19620 | | 150 | |
| 28 | ALL | Worker dining | | 14514 | Worker dining | | Manager- HR & Admin (ALL) Cell: 01787668781 |
| 14 | ASKML | Child Care & Medical Building | Ground Floor | 3231 | Child Care & Medical | 55 | Manager- HR & Admin (ASKML) Cell: 01708455865 |
| 37 | ASKML | Canteen | Ground Floor | 603 | Canteen | 2 | |
| 25 | ASKML | Four story Mosque | Ground Floor | 2799 | Prayer | 350 | Manager- HR & Admin (ASKML) Cell: 01708455865 |
| 25 | ASKML | Four story Mosque | 1st Floor | 2799 | Prayer | 350 | |
| 25 | ASKML | Four story Mosque | 2nd Floor | 2799 | Prayer | 350 | |

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

| B NO | Factory | Building Name | Floor | Area (Sqft) | Operation | Occupancy | Responsible During Emergency |
|---|---|---|---|---|---|---|---|
| 25 | ASKML | Four story Mosque | 3rd Floor | 2799 | Prayer | 350 | Asst. Manager (Admin-Fabrics) Cell: 01762215161 |
| 16 | AYDL | Acid shed | | 597 | Store | 2 | |
| 24 | ASKML | Two story stenter M/C building | Ground Floor | 22100 | Dyeing Finishing | 14 | |
| 24 | ASKML | Two story stenter M/C building | 1st Floor | | Store | 5 | |
| 26 | AYDL | Store shed | Ground Floor | | Store | 47 | |
| 31 | ASKML | Security room | Ground Floor | | Office | 5 | Manager- HR & Admin (ASKML) Cell: 01708455865 |
| 32 | ASKML | Union Office | Ground Floor | | Office | 6 | |
| 33 | ASKML | Security barack | Ground Floor | | Security barack | 12 | |
| 34 | ASKML | Chemical Store shed | Ground Floor | 1983 | Store | 2 | |
| 38 | ASKML | Security barack | Ground Floor | 3500 | Security barack | 30 | |
| 47 | ASKML | Card punch shed | Ground Floor | | Card punch | 1 | |
| 40 | ASKML | Salt store | Ground Floor | 1490 | Salt store | 0 | Asst. Manager (Admin-Fabrics) Cell: 01762215161 |
| 46 | ASKML | Wastage store | Ground Floor | 500 | Wastage store | 1 | |
| 27 | ASKML | Washing Plant | Ground Floor | 18225 | Sample Dyeing | 15 | |
| 48 | ALL | Chiller-2 | Ground Floor | | Chiller-2 | 2 | DGM (Head of Utility) |
| 19 | AYDL | Boiler shed (Yarn Dyeing) | | 2907 | Boiler | 2 | DGM (Head of Utility) |
| 21 | ATPML | Generator & work shop shed (ATPML) | Ground Floor | 10237 | work shop | 14 | DGM (Head of Utility) |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
## (Emergency Plan & Procedure)

| B NO | Factory | Building Name | Floor | Area (Sqft) | Operation | Occupancy | Responsible During Emergency |
|---|---|---|---|---|---|---|---|
| 22 | ATPML | Boiler shed (ATPML) | | | Boiler | 2 | DGM (Head of Utility) |
| 23 | ATPML | Generator Building (ATPML) | | 3277 | Generator | 4 | DGM (Head of Utility) |
| 30 | ASKML | RMS room | Ground Floor | | RMS | 0 | DGM (Head of Utility) |
| 35 | ASKML | WTP | Ground Floor | 2895 | WTP | 3 | DGM (Head of Utility) |
| 36 | ASKML | Sub station | Ground Floor | 2060 | Sub station | 0 | DGM (Head of Utility) |
| 39 | ASKML | Workshop | Ground Floor | 3000 | Work shop | 5 | DGM (Head of Utility) |
| 42 | ATPML | Compressor | Ground Floor | 878 | Compressor | 2 | DGM (Head of Utility) |
| 43 | ATPML | Chiler | Ground Floor | 3226 | Chiler | 2 | DGM (Head of Utility) |
| 44 | AYDL | Compressor | Ground Floor | 849 | Compressor | 2 | DGM (Head of Utility) |
| 41 | ALL | Chiler | Ground Floor | 1427 | Chiler | 2 | DGM (Head of Utility) |
| 17 | AYDL | Generator shed (Yarn Dyeing) | | 3735 | Generator | 4 | DGM (Head of Utility) |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
## (Emergency Plan & Procedure)

| B NO | Factory | Building Name | Floor | Area (Sqft) | Operation | Occupancy | Responsible During Emergency |
|---|---|---|---|---|---|---|---|
| 18 | AYDL | Pump shed (Yarn Dyeing) | | 425 | Pump | 2 | DGM (Head of Utility) |
| 15 | ASKML | Fire pump building | Ground Floor | 1135 | Fire pump | 4 | DGM (Head of Utility) |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | G | 97000 | Knitting & NFD | 136 | Manager- HR & Admin (AFWL) Cell: 01787668780 |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 1st | 97000 | NFD, Dining & Admin Office | 350 | Manager- HR & Admin (AFWL) Cell: 01787668780 |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 2nd | 97000 | Sewing & Finishing | 1800 | Manager- HR & Admin (AFWL) Cell: 01787668780 |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 3rd | 97000 | Sewing & Cutting | 1800 | Manager- HR & Admin (AFWL) Cell: 01787668780 |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 4th | 97000 | Sample & Cutting | 300 | Manager- HR & Admin (AFWL) Cell: 01787668780 |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 5th | 97000 | Vacant | | |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 6th | 97000 | Vacant | | |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 7th | 97000 | Printing | 520 | Manager- HR & Admin (AFWL) Cell: 01787668780 |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | 8th | 97000 | Vacant | | |
| 1 | AFWL | Apex Fashion Wear Garments Building | Roof Top | | Vacant | | |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
# (Emergency Plan & Procedure)

## ৩.০ দূর্ঘটনা পূর্ববতী জরুরী ব্যবস্থা (Pre-Emerency situation/preparedness ) ঃ

| পূর্ব জরুরী অবস্থা (Pre-Emergency situation) | জরুরী প্রস্তুতি /পরিকল্পনা (Emerency preparedness) | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি (Responsible) |
|---|---|---|
| অনাকাংক্ষিত দূর্ঘটনা সংঘটিত হওয়ার পূর্বের স্বাভাবিক অবস্থা হচ্ছে পূর্ব জরুরী অবস্থা। এ অবস্থায় জরুরী দূর্ঘটনার সংঘটিত হওয়ার ঝুকি হ্রাস করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | (ক) সম্ভাব্য আপদকালীন সমস্যা চিহ্নিত করা।<br>(খ) বিভিন্ন আপদকালীন সংকট মোকাবেলায় করনীয় নির্ধারণ।<br>(গ) জরুরী নিরাপত্তা পরিল্পনা প্রনয়ণ।<br>(ঘ) জরুরী নিরাপত্তা টিম গঠন ও নিয়মিত প্রশিক্ষন প্রদান।<br>(ঙ) কারখানায় কর্মরত সকলের জীবনের নিরাপত্তায় প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণ।<br>(চ) নিয়মিত জরুরী অগ্নি মোহড়া ব্যবস্থা করা।<br>(ছ) নিরাপত্তা ব্যবস্থা নিয়মিত মনিটরিং কর।<br>(জ) কারখানা বিল্ডিং এর নিরাপত্তা নিশ্চিত করতে পরিদর্শন ও মেরামতের ব্যবস্থা। | বিভাগীয় প্রধান (প্রশাসন)<br>নির্বাহী (প্রশাসন)<br>সেফটি কমিটি সদস্য<br>সিভিল বিভাগ<br>ইউটিলিটি ইঞ্জিনিয়ার<br>অগ্নি নিরাপত্তা দল |

## ৩.১ মানুষ্য সৃষ্ট বা প্রাকৃতিক ভাবে সংঘটিত সম্ভাব্য আপদকালীণ সমস্যা (আর.এফ-৪) ঃ

মানুষ্য সৃষ্ট বা প্রাকৃতিক ভাবে সংঘটিত সম্ভাব্য আপদকালীণ সমস্যা সমুহ নিম্নে উপস্থাপন করা হল ঃ

| মানুষ্য সৃষ্ট সম্ভাব্য আপদকালীণ সমস্যা | প্রাকৃতিক ভাবে সংঘটিত সম্ভাব্য আপদকালীণ সমস্যা |
|---|---|
| অগ্নি দূর্ঘটনা | ভূমিকম্প |
| শ্রমিক অসন্তোষ | খরা, টর্নেডো, হারিকেন বা ঘূর্নিঝড় ও কনকনে শীত |
| বৈদ্যুতিক দূর্ঘটনা | মহামারী/ সংক্রামক ভাইরাস / সংক্রামক রোগ |
| আকস্মিক কর্মকালীন দূর্ঘটনা | |
| কেমিক্যাল দূর্ঘটনা | |
| বয়লার বিস্ফরন | |
| বিল্ডিং / কাঠামে ধসে পড়া | |

## ৩.২ জরুরী মুহূর্তে প্রতিরোধমূলক ব্যবস্থা বাস্তবায়নে দায়িত্বের ম্যাট্রিক্স (আর.এফ-৫) ঃ

| দায়িত্ব | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা টিম | ম্যাট্রিক্স |
|---|---|---|
| কারখানা বিল্ডিং এর নিরাপত্তা বিধান | সংশ্লিষ্ট বিভাগীয়-প্রধান প্রশাসন ও উৎপাদন | জরুরী পরিকল্পনা বাস্তবায়ন ও নিরাপত্তা নিশ্চিত করা। |
| জরুরী পরিকল্পনা প্রনয়ন | বিভাগীয়-প্রধান প্রশাসন | মানুষ্য সৃষ্ট বা প্রাকৃতিক ভাবে সংঘটিত সম্ভাব্য আপদকালীণ সমস্যা বিবেচনা করে পরিকল্পনা প্রনয়ণ। |
| জরুরী পরিকল্পনা অনুমোদন। | ব্যবস্থাপনা পরিচালক | এই পরিকল্পনায় উল্লেখিত বিষয় বিবেচনা পূর্বক অনুমোদন প্রদান। |
| জরুরী অবস্থা মোকাবেলা। | জরুরী দল। | জরুরী পরিকল্পনায় অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করা। |
| উদ্ধার কার্যক্রম পরিচালনা । | জরুরী উদ্ধারকারী দল। | জরুরী পরিকল্পনায় অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন। |
| অগ্নি প্রতিরোধে ভুমিকা পালন। | জরুরী অগ্নি নির্বাপনকারী দল। | জরুরী পরিকল্পনায় অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন। |
| জরুরী মূহূর্তে জরুরী চিকিৎসা নিশ্চিত করা। | জরুরী অগ্নি নির্বাপনকারী দল। | জরুরী পরিকল্পনায় অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন। |

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

# (Emergency Plan & Procedure)

## ৩.৩ জরুরী মূহুর্তে প্রতিকূল পরিবেশ মোকাবেলা পদ্ধতি ও দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তি (আর.এফ-৬) ঃ

*এপেক্স হোল্ডিংস্ লিমিটেড* এর ব্যবস্থাপনায় পরিচালিত বিভিন্ন কারখানা সমূহে যে কোন ধরনের আপদকালীন সংকট বা প্রতিকূলতা মোকাবেলার জন্য সুষ্ঠ পরিকল্পনা ও ইহার সঠিক বাস্তবায়নের জন্য নির্দিষ্ট দায়িত্ব প্রাপ্ত টিম বা কমিটি থাকা জরুরী। সেই লক্ষ্যেই আপদকালীন সংকটে জীবনের নিরাপত্তায় প্রতিরোধ মূলক ব্যবস্থা বাস্তবায়ন করতে জরুরী নিরাপত্তা কমিটি কারখানায় কার্যকর রয়েছে। এই জরুরী নিরাপত্তা কমিটির কার্যক্রম বিভাগীয় / সেকশন প্রধান বা কর্মকর্তার পর্যবেক্ষনে ও তদরকীতে পরিচালিত হবে। এছাড়াও অগ্নি নিরাপত্তা, উদ্ধার কার্যক্রম, প্রাথমিক চিকিৎসা নিশ্চিত ও বিভিন্ন সরঞ্জাম পরিচালনার সহ প্রতিটি কার্যক্রমে আলাদা আলাদা দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি নির্ধারিত রয়েছে। নীতিমালায় ২.২ এ উল্লেখিত আপদকালীন সমস্যাসমুহ এবং কারখানার সার্বিক নিরাপত্তায় এই কমিটির সদস্যগন তাদের নিজ নিজ দায়িত্ব - কর্তব্য পালনে সদা সচেষ্ট থাকবে।

## ৩.৪ জরুরী অবস্থা মোকাবেলা দল ও দায়িত্ব (ERP- Emergency Response Team & Responsibility)ঃ

| জরুরী নিরাপত্ত কার্যক্রম | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | করনীয় ও দায়িত্ব |
|---|---|---|
| জরুরী নিরাপত্তা কমিটি প্রধান | কারখানা প্রধান - (অপারেশনস প্রধান) | কারখানার সার্বিক নিরাপত্তায় দিকনির্দেশনা প্রদান। অগ্নি মহড়া মনিটরিং এবং নিরাপত্তায় নির্দেশনা প্রদান । কমিটি প্রধান হিসাবে জরুরী মুহূর্তে বা পরিস্থিতিতে সকল কার্যক্রম তদারকি, করনীয় নির্ধারন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন। |
| কমিটি প্রধানের সহকারী ও বিল্ডিং / কারখানার নিরাপত্তায় দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি | সংশ্লিষ্ট কারখানার প্রশাসনিক প্রধান ও উৎপাদন প্রধান | কারখানার সার্বিক নিরাপত্তায় মনিটরিং ও তদারকী করা। কমিটি প্রধান এর অনুপস্থিতে দায়িত্ব পালন করা। অগ্নি মহড়া আয়োজন ও জরুরী নিরাপত্তা কমিটির প্রশিক্ষনে অনুমোদন প্রদান । ফায়ার সার্ভিস, পুলিশ প্রশাসন, স্থানীয় জন প্রতিনিধি ও সরকারী সংস্থাকে অবহিত করা এবং প্রয়োজনী তথ্য প্রদান। |
| তথ্য ও অনুসন্ধান কেন্দ্রের দায়িত্বে | সহকারী ব্যবস্থাপক প্রশাসন, সিকিউরিটি অফিসার, শ্রমিক প্রতিনিধি ও উৎপাদন বিভাগের কর্মকর্তা। | অনাকাংক্ষিত পরিস্থিতিতে প্রয়োজনী তথ্য প্রদান যেমন- উপস্থিতি রেকর্ড, শিশু, অক্ষম, বর্হিরাগত আগমনকারী, সন্তান সম্ভাবা মাদের তালিকা, নিরাপদ স্থান বা এসেম্বলী পয়েন্ট সম্পর্কে জানানো । কমিটি প্রধানের নির্দেশনা সকলকে অবহিত করা । সাংবাদিক, ফায়ার সার্ভিস, পুলিশ/ প্রশাসন, স্থানীয় জন প্রতিনিধিকে প্রয়োজনীয় তথ্য প্রদান। |
| বর্হিরাগমন প্রতিরোধ ও নিরাপত্তা নিশ্চিত। বিভিন্ন সরকারী সংস্থা, সাংবাদিক ও ফায়ার সার্ভিস প্রবেশের অনুকূল পরিবেশ তৈরি। | নিরাপত্তা বিভাগ প্রধান এবং ফায়ার সেফটি বিভাগ এর সদস্য। | ঝুকিপূর্ন এলাকা, দূর্ঘটনার স্থানে সাধারনের প্রবেশাধিকার সংরক্ষিত করা। বর্হিরাগত যাতে কারখানায় প্রবেশ না করতে পারে তার ব্যবস্থা করা। বিভিন্ন সরকারী সংস্থা, সাংবাদিক ও ফায়ার সার্ভিস প্রবেশের অনুকূল পরিবেশ তৈরি নিশ্চিত করা। |
| বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিত কর। | ইউটিলিটি বিভাগ প্রধান এবং সহযোগীতায় ইলেকট্রিক ইঞ্জিনিয়ার, ইলেকট্রিশিয়ান ও বয়লার সুপারভাইজার। | ইউটিলিটি বিভাগ প্রধান বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিতের প্রধান দায়িত্বে থাকবেন। অনাকাংক্ষিত পরিস্থিতিতে বৈদ্যুতিক সংযোগ বন্ধের সিদ্ধান্ত প্রদান ও বন্ধ করা। বিভিন্ন বৈদ্যুতিক স্থাপনার সুরক্ষা ও নিরাপত্তায় প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করা। দূর্ঘটনা পরবর্তী করনীয় নির্ধারন । |
| কেমিক্যাল এর বিস্তার ও দূর্ঘটনা প্রতিরোধ। | ই.সি.আর ও কেমিক্যাল স্টোর/ এস.আই.সি এবং কেমিক্যাল সেফটি দল। | কেমিক্যাল লিকেজ হলে দ্রুত প্রতিরোধের ব্যবস্থা করা। কোন কারনে কেমিক্যাল দূর্ঘটনা সংঘটিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন। অনাকাংক্ষিত পরিস্থিতি প্রতিরোধে ব্যবস্থা গ্রহন। কেমিক্যাল স্টোরে সাধারনের প্রবেশাধিকার সংরক্ষিত রাখা। |

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

| | | |
|---|---|---|
| শিশু পরিচর্যা কেন্দ্রের নিরাপত্তা ও উদ্ধার কার্যক্রম তদারকী। | শিশু পরিচর্যা কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং শিশুদের উদ্ধারে গঠিত দল। | অনাকাংক্ষিত পরিস্থিতিতে কমিটি প্রধানের সাথে আলোচনা করে শিশুদের জন্য নিরাপদ স্থান নির্ধারন ও তাদের উদ্ধারের ব্যবস্থা গ্রহন করা। |
| অক্ষম ব্যক্তিদের উদ্ধারে কার্যকর পদক্ষেপ গ্রহন করা। | নির্বাহী - প্রশাসন | অক্ষম ব্যক্তিদের কাজের স্থান ও কাজের বিবরণ সংযোজিত তালিকা সংরক্ষন করবে। দূর্ঘটনায় অক্ষম ব্যক্তিগন বের হতে পেরেছে কিনা তা মনিটরিং এবং উদ্ধারকারী দলের মাধ্যমে তাদের উদ্ধার করা। |
| বর্হিরাগত আগমনকারীদের উদ্ধারের ব্যবস্থা করা। | নির্বাহী - প্রশাসন | বর্হিরাগত বায়ার-ভিজিটর বা আগমনকারী ব্যক্তিগন কোথায় অবস্থান করছিলেন প্রধান গেট হতে তার তথ্য সংগ্রহ করা। তথ্য মোতাবেক তাদেরকে উদ্ধারকারী দলের মাধ্যমে উদ্ধার করা। |
| সন্তান সম্ভাবা মাদের নিরাপত্তা নিশ্চিত করা। | লেডী চেকার - সুপারভাইজার | সন্তান সম্ভাবা মাদের কাজের স্থান সংযোজিত তালিকা সংরক্ষন করবে। দূর্ঘটনায় সন্তান সম্ভাবা মাদের বের হতে পেরেছে কিনা তা মনিটরিং এবং উদ্ধারকারী দলের মাধ্যমে তাদের উদ্ধার করবে। |
| ফায়ার কন্ট্রোল ব্যবস্থা কার্যকর ও তদারকী। | ইঞ্জিনিয়ার (ইউটিলিটি) ও ফায়ার সেফটি বিভাগ কর্মকতা। | জরুরী মূহূর্তে অগ্নি কান্ডের স্থান ও জরুরী অবস্থা সম্পর্কে টিমের প্রধান ও জরুরী তথ্য কেন্দ্রে অবহিত করা। ফায়ার কন্ট্রোল রুমের সার্বিক ব্যবস্থা কার্যকর রাখতে তদারকী করা। |
| অগ্নি নিরাপত্তা নিশ্চিত করতে জরুরী অগ্নি নিরাপত্তা দল । | ফায়ার সেফটি অফিসারের তত্ত্বাবধায়নে গঠিত (প্রশিক্ষিত অগ্নি নিরাপত্তা দলের সদস্য) | অনাকাংক্ষিত পরিস্থিতিতে অগ্নি কান্ড সংঘটিত হলে নির্বাপনের ব্যবস্থা করা। জরুরী অগ্নি নিরাপত্তা দল তদারকী ও মরিটরিং করা । প্রয়োজনে ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স কে অবহিত করা। অগ্নি নির্বাপনে ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স কে সহায়তা করা। |
| উদ্ধার কাযক্রম তদারকী ও মনিটরিং এ জরুরী উদ্ধার । | সহকারী ব্যবস্থাপক/ নির্বাহী প্রশাসন এর তত্ত্বাবধায়নে, প্রশিক্ষিত উদ্ধারকারী দলের সদস্য। | জরুরী মূহূর্তে উদ্ধার কার্যক্রম তদারকী ও মনিটরিং করবে। অগ্নি মহড়া কালীন ও জরুরী মূহূর্তে সকলে নিরপদে বের হতে ও নিজ বিভাগ অনুযায়ী সারিবদ্ধ ভাবে দাঁড়াতে সহায়তা করবে। কেউ অনুপস্থিত আছে কিনা তা সেকশন অফিসারের মাধ্যমে মাথা গননা করে জরুরী তথ্য কেন্দ্রে অবহিত করবে। কেউ কোথায় আটকা পড়লে ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স এর মাধ্যমে উদ্ধারের ব্যবস্থা করবে। |
| প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করতে জরুরী প্রাথমিক চিকিৎসা দল। | মেডিক্যাল অফিসার/ মেডিক্যাল অফিসার সহকারী ও নার্স এবং প্রাথমিক চিকিৎসক এর সমন্বয়ে গঠিত দল। | সকল জরুরী মূহূর্তে আহত ব্যাক্তিদের প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করা এবং মেডিক্যাল টিম তদারকী করা। প্রাথমিক চিকিৎসা প্রদানের জন্য নিরাপদ স্থান নির্ধারন করা। এ্যাম্বুলেন্স প্রস্তুত রাখা। উন্নত চিকিৎসার প্রয়োজন হলে দ্রুত বাইরের হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করা। |
| শ্রমিকদের সাথে সমন্বয় ও শ্রমিক অসন্তোষ প্রতিরোধ পদক্ষেপ গ্রহন। | সেকশন প্রধান ও কল্যান কর্মকর্তা এবং শ্রমিক প্রতিনিধি। | শ্রমিকদের সকল প্রকার অভিযোগ গুরুত্বের সাথে শুনে সমাধানে পদক্ষেপ গ্রহন। শ্রমিকদের মাঝে কোন ভূল বুঝা বুঝি বা সমস্যা তৈরি হলে শ্রমিকদের সাথে কথা বলে, কর্তৃপক্ষের সাথে আলোচনা করে সমাধানের ব্যবস্থা করা। বিভিন্ন দূর্যোগকালীন কেউ যাতে আতঙ্কিত না হয়, সেজন্য শ্রমিকদের সান্তনা প্রদান । |
| সেফটি তদারকী | সেফটি কমিটির সদস্য | সেফটি কমিটি জরুরী মূহূর্তে তদারকীর দায়িত্ব পালন করবে। সকলকে নিরাপদ স্থানে সরিয়ে নিতে সহায়তা করবেন। বাহির হতে আগত উদ্ধারকারী দলকে প্রয়োজনীয় সহায়তা করবেন । এ্যাসেম্বলি পয়েন্টে অবস্থানরত দের সারিবদ্ধ ভাবে নিজ লাইনে দাঁড়াতে সহায়তা করবেন। |
| কারখানার নিরাপত্তা | নিরাপত্তা প্রহরী | জরুরী মূহূর্তে বর্হিরাগত কেউ যাতে কারখানায় প্রবেশ করতে না পারে তা রক্ষা করা। সবাইকে নিরাপদে কারখানা ও ফ্লোর ত্যাগ করতে সহায়তা করা। উদ্ধারের জন্য আগত ফায়ার সার্ভিস কে সহায়তা করা |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

# (Emergency Plan & Procedure)

## ৩.৫ বিভিন্ন জরুরী পরিস্থিতি বা আপদকালীন সংকট মোকাবেলায় করনীয় (আর.এফ-৭) ঃ

### ৩.৫.১ অগ্নি দূর্ঘটনা ঃ

*এপেক্স হোল্ডিংস্ লিমিটেড* এর ব্যবস্থাপনায় পরিচালিত বিভাগ সমূহের যে কোন ভবন, বিভাগ বা সেকশন আকস্মিক দূর্ঘটনা প্রতিরোধ এবং কোন কারনে অগ্নিকান্ড সৃষ্টি হলে, অগ্নি নিরাপত্তা নিশ্চিতে নিম্নলিখিত পরিকল্পনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবেঃ

#### ৩.৫.১.১ অগ্নি নির্বাপনকারী দল ঃ

(ক) কারখানায় আকস্মিক দূর্ঘটনার ফলে অগ্নিকান্ডের সৃষ্টি হলে তা মোকাবেলার জন্য জরুরী অগ্নি নিরাপত্তা দল কার্যকর ভুমিকা পালন করবে।

(খ) আগুন লাগার সঙ্গে সঙ্গে সুইচের কাছাকাছি অবস্থানকারী ব্যক্তি ফায়ার এলার্ম বাজাবে।

(গ) জরুরী পরিস্থিতিতে দায়িত্ব প্রাপ্ত ইলেকট্রিশিয়ান বৈদ্যুতিক লাইন বন্ধ করে জরুরী বাতির নিশ্চয়তা বিধান করবে।

(ঘ) ফায়ার সাইরেন শোনার সঙ্গে সঙ্গে ফায়ার ফাইটিং টিমের সদস্য এবং জরুরী অগ্নি নির্বাপনকারী টিমের সদস্যগন এবং দ্রুত অগ্নি নির্বাপক যন্ত্রের কাছে চলে যাবে ও আগুন কোথায় লেগেছে তা জানার চেষ্টা করবে এবং পরবর্তী নির্দেশের জন্য অপেক্ষা করিবেন। যদি নিজ ফ্লোরে আগুন লাগে তাহলে দ্রুত আগুনের কাছে যাবে এবং ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করে, অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার করে অগ্নি নির্বাপনের চেষ্টা করবে।

(ঙ) ফায়ার সার্ভিস টিম কে প্রয়োজনীয় সহযোগীতা করবে।

#### ৩.৫.১.২অগ্নি উদ্ধারকারী দল ঃ

(ক) তাৎক্ষনিকভাবে অবস্থা পর্যবেক্ষন করে কর্মরত কর্মীদের দ্রুত গতিতে বিপদগ্রস্থ এলাকা থেকে নিরাপদ এলাকায় যাওয়ার জন্য PA System এ জরুরী নিরাপত্তা টিমের মাধ্যমে নির্দেশনা প্রদান এবং তাদের প্রয়োজনীয় সহযোগীতা করা হবে।

(খ) এরপরে পার্শ্ববর্তী বা আশপাশের ফ্লোর পর্যায়ক্রমে জরুরী দলের সাহায্যে সকলকে বের করে আনা হবে এবং শ্রমিক-কর্মচারীরা যাতে আতঙ্কিত না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

(গ) সকলকে জরুরী মূহূর্তে Assembly Point (ফায়ার ড্রিল মাঠে) গিয়ে সমাবেত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হবে।

(ঘ) যে স্থানে আগুন লেগেছে তার চারপাশ থেকে মালপত্র বা মেশিনপত্র নিরাপদ স্থানে সরানো ব্যবস্থা করবে।

#### ৩.৫.১.৩ প্রাথমিক চিকিৎসা দল ঃ

প্রাথমিক চিকিৎসকগন দ্রুত ফার্ষ্ট এইড বক্স নিয়ে আহত ব্যক্তির প্রাথমিক চিকিৎসা নিশ্চিত করার জন্য নিরাপদ স্থানে অবস্থান করবে। কেউ আহত হলে তাকে প্রাথমিক চিকিৎসা প্রদান পূর্বক উদ্ধারকারী টিমের সাহায্যে স্বাস্থ্য কেন্দ্রে পৌঁছানোর ব্যবস্থা করবে।

### ৩.৫.২ ভুমিকম্প ঃ

আকস্মিক ভুমিকম্পের ফলে সৃষ্ট প্রতিকূলতা মোকাবেলা ও পূর্ববতী সাবধানতা হিসাবে নিম্ন লিখিত পদক্ষেপ গ্রহন করা হবেঃ

(ক) সকলকে ভুমিকম্প পূর্ববর্তী সাবধানতা, ভুমিকম্প চলাকালীন করনীয় এবং ভুমিকম্প পরবর্তী করনীয় বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হবে।।

(খ) ভুমিকম্পের সময় অবস্থানের জন্য ফ্লোরের নিরাপদ আশ্রয় স্থান গুলি চিহ্নিত করা থাকবে।

(গ) নিয়মিত ইউটিলিটি সার্ভিস যেমন:- গ্যাস, পানি, বিদ্যুৎ লাইন সঠিক আছে কিনা সংশ্লিষ্ট বিভাগ ও সেফটি টিম দ্বারা নিয়মিত পরীক্ষা করা হবে।

(ঘ) কারখানায় জরুরী বর্হিগমনের পথগুলি সর্বদা বাধামুক্ত ও ফাঁকা রাখার ব্যবস্থা করা হবে।

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

# (Emergency Plan & Procedure)

(ঙ) জরুরী প্রয়োজনীয় সরঞ্জামাদি যেমন:- হেলমেট, খাবার পানি, ঔষধ, ফার্স্ট এইড ও অন্যান্য জরুরী সামগ্রী প্রতিটি ফ্লোরে সংরক্ষন করা হবে।

(চ) কারখানায় শারিরীক ভাবে অক্ষম ব্যক্তিদের সংখ্যা ও প্রকৃতি চিহ্নত করে জরুরী পরিস্থিতিতে তাদের কারখানা থেকে দ্রুত সরিয়ে নেওয়ার জন্য আলাদা টিম গঠন করা হবে।

(ছ) ভুমিকম্প চলাকালীন জরুরী টিমের সদস্যগন সকল শ্রমিক কর্মচারীদের নিরাপদ স্থানে অবস্থা গ্রহণের জন্য দিক নির্দেশনা প্রদান করবে।

(জ) জরুরী ইলেকট্রিক সেফটি টিমের সদস্য ভুমিকম্প হওয়ার সাথে সাথে বৈদ্যুতিক লাইন, পানির লাইন, গ্যাস লাইন ইত্যাদি বন্ধের ব্যবস্থা করবে।

(ঝ) ভুমিকম্প থেমে গেলে জরুরী উদ্ধারকারী টিম, প্রশিক্ষিত উদ্ধারকারী টিমের সাহায্যে শ্রমিকদের উদ্ধার করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করবে।

(ঞ) আহত এবং অসুস্থ্য শ্রমিকদের জরুরী প্রাথমিক চিকিৎসক দ্বারা প্রাথমিক চিকিৎসা প্রদান করা হবে এবং কারখানার স্বাস্থ্য কেন্দ্রে প্রেরণ বা উন্নত চিকিৎসার প্রয়োজন হলে তার ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ৩.৫.৩ প্রাকৃতিক দূর্যোগ (টর্নেডো, হারিকেন বা ঘুর্ণিঝড় বা কনেকনে শীত) ঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড **প্রাকৃতিক দূর্যোগের** ফলে সৃষ্টি প্রতিকুলতা মোকাবেলায় নিম্ন লিখিত পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করবে।

(ক) **প্রাকৃতিক দূর্যোগের** ফলে সৃষ্ট পরিস্থিতির সার্বিক অবস্থা পর্যালোচনা করে করণীয় নির্ধারন পূর্বক জরুরী টিম কারখানায় কর্মরত সকলের নিরাপত্তার ব্যবস্থা করবে।

(খ) অনাকংক্ষিত ভাবে তীব্র খরা/ টর্নেডো/ হারিকেন/ ঘুর্ণিঝড়/ কনকনে শীতের প্রভাব পরিলক্ষিত হলে দ্রুত ঝুকিপূর্ন স্থান হতে কর্মরত শ্রমিকদেও সরিয়ে নেয়া হবে।

(গ) পি.এ সিসটেমের মাধ্যমে সকলকে সচেতন করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

(ঘ) জরুরী পরিস্থিতিতে কেউ অসুস্থ হয়ে পড়লে জরুরী সেবা নিশ্চিত করা হবে।

(ঙ) অসুস্থ রোগীকে যথাযথ প্রাথমিক চিকিৎসা প্রদান ও গুরুতর অসুস্থ রোগীকে উন্নত চিকিৎসা প্রদানের জন্য মেডিকেল সেন্টার / হাসপাতালে পাঠানের ব্যবস্থা করা হবে।

## ৩.৫.৬ শ্রমিক অসন্তোষ ঃ

শ্রমিক অসন্তোষ যাতে সৃষ্টি না হয় এবং হলে তা মোকাবেলায় নিম্ন লিখিত পরিকল্পনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবেঃ

(ক) শ্রমিকদের মাঝে সৃষ্ট অসন্তোষ নিরসন করতে এবং প্রত্যেক যাতে তাদের অভিযোগ জানানোর মাধ্যমে সমাধান পেতে পারে তা নিশ্চিত করতে অভিযোগ ও অনুযোগ কমিটি গঠন করা হয়েছে।

(খ) ছোট ছোট অসন্তোষগুলো ব্যক্তি পর্যায়েই আলোচনার মাধ্যমে সমাধানের জন্য শ্রমিক প্রতিনিধি ও মালিক পক্ষের প্রতিনিধিগন আলোচনা করে সমাধান করবে।

(গ) শ্রমিক প্রতিনিধি, কল্যান কর্মকর্তা বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আলোচনা করে ছোট ছোট সমস্যাগুলো তৎক্ষনাত সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

(ঘ) শ্রমিকদের প্রতিটি অভিযোগ অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হবে এবং যাতে করে অসন্তোষ তীব্র আকার ধারণ করতে না পারে ।

(ঙ) কোন সমস্যা তাৎক্ষনিকভাবে সমাধান করা সম্ভব না হলে সে সমস্যা সমাধানে উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট তাদের সুপারিশমালা পেশ করবে।

(চ) অনাকাংক্ষিত ভাবে শ্রমিক অসন্তোষ দেখা দিলে জরুরী টিমের সদস্যগন শ্রমিকদের সাথে আলোচনা করে তাদের অসন্তোষের কারন অনুসন্ধান করে কর্তৃপক্ষের সাথে আলোচনার মাধ্যমে সমাধানের উদ্যোগ গ্রহন করবে।

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
# (Emergency Plan & Procedure)

## ৩.৫.৭ বৈদ্যুতিক দূর্ঘটনা ঃ

অনাকাংক্ষিত বৈদ্যুতিক দূর্ঘটনা প্রতিরোধ ও দূর্ঘটনা সংঘটিত হলে পরিস্থিতি মোকাবেলায় নিম্ন লিখিত পরিকল্পনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে ঃ

(ক) কারখানার বিভিন্ন বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জাম, যেমন- জেনারেটর, কমপ্রেসার, সাবস্টেশন, আর.এম.এস রুম, পাম্প ইত্যাদি নিয়মিত পরিদর্শন ও নীরিক্ষা করা হয়ে থাকে।
(খ) প্রশিক্ষন প্রাপ্ত শ্রমিক-কর্মচারী দ্বারা জনারেটর, কমপ্রেসার, সাবস্টেশন, আর.এম.এস রুম, পাম্প ইত্যাদি পরিচালনা করা হয়।
(গ) বৈদ্যুতিক লাইন, ফিউজ সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে নিয়মিত পর্যবেক্ষন করে নিরাপত্তা নিশ্চিত করা হবে।
(ঘ) কর্তৃপক্ষ বৈদ্যুতিক গোলযোগ বা বৈদ্যুতিক বিভ্রাটের কোন সংবাদ পূর্বে অবগত হলে তা নোটিশ অথবা পি.এ সিস্টেমের মাধ্যমে শ্রমিকদের অবহিত করবে।
(ঙ) অনাকাংক্ষিত ভাবে কোন দূর্ঘটনা সংঘটিত হলে সাথে সাথে সংশ্লিষ্ট বিভাগের প্রধান বা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে।
(চ) জরুরী নিরাপত্তা টিমের সদস্যগন দ্রুত উক্ত দূর্ঘটনার স্থানটি অন্যান্য স্থাপনা হতে আলাদা করে নিরাপত্তা বেষ্টনী নিশ্চিত করবে। ইউটিলিটি বিভাগের সাথে আলোচনা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে।
(ছ) বৈদ্যুতিক সমস্যার কারনে যদি কোন শ্রমিক আহত হয় তবে প্রাথমিক চিকিৎসা দল তাদের চিকিৎসা প্রদানের ব্যবস্থা করবে।
(জ) বৈদ্যুতিক সমস্যার কারণে অগ্নিকান্ডের ঘটনা ঘটলে সংশ্লিষ্ট জরুরী ফায়ার সেইফটি টিম অগ্নি নির্বাপনের ব্যবস্থা করবে।

## ৩.৫.৮ আকস্মিক কর্মকালীন দূর্ঘটনায় জরুরী চিকিৎসা ব্যবস্থা ঃ

এপেক্স হোল্ডিংস্ লিমিটেড এর ব্যবস্থাপনায় পরিচালিত কারখানাসমূহের যে কোন ভবন, বিভাগ বা সেকশনে কোন ধরনের আকস্মিক কর্মকালীন দূর্ঘটনায় কেউ আঘাতপ্রাপ্ত বা আহত হলে তা নিম্নলিখিত পদ্ধতি মোতাবেক প্রয়োজনীয় জরুরী চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা হবে ঃ
(ক) কারখানায় কর্মরত অবস্থায় আকস্মিক দূর্ঘটনায় কেউ আঘাতপ্রাপ্ত বা আহত হলে জরুরী চিকিৎসা ব্যবস্থা দল তৎক্ষনাত জরুরী চিকিৎসা নিশ্চিত করবে।
(খ) যে কোন দূর্ঘটনা সংঘটিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট ফ্লোরের প্রাথমিক চিকিৎসকগন প্রাথমিক চিকিৎসা প্রদান করে দ্রুত স্বাস্থ্য কেন্দ্রে পাঠানোর ব্যবস্থা করবে।
(গ) প্রাথমিক চিকিৎসক বা উক্ত বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা তাৎক্ষনাত জরুরী মোবাইল নম্বর ও টেলিফোন নং এর মাধ্যমে প্রশাসনিক কর্মকর্তা বা স্বাস্থ্য ও নিরাপত্তা অফিসারকে বিষয়টি অবহিত করবে।
(ঘ) সংশ্লিষ্ট কারখানার প্রশাসনিক কর্মকর্তা বা স্বাস্থ্য ও নিরাপত্তা অফিসার দ্রুত দূর্ঘটনার স্থানে উপস্থিত হয়ে বিষয়টি পর্যবেক্ষন করবে এবং বিষয়টি প্রশাসনিক প্রধান বা উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করবে।
(ঙ) সংশ্লিষ্ট কারখানার প্রশাসনিক কর্মকর্তা বা স্বাস্থ্য ও নিরাপত্তা অফিসার প্রয়োজনে আহত ব্যক্তিকে উন্নত চিকিৎসার জন্য এ্যাম্বুলেন্স দ্বারা নিকটস্থ হাসপাতাল বা ক্লিনিকে পাঠানোর ব্যবস্থা করবে।
(চ) নিকটস্থ হাসপাতাল বা ক্লিনিকে চিকিৎসা প্রদানের পর, আরও উন্নত চিকিৎসা সেবার প্রয়োজন হলে স্বাস্থ্য কেন্দ্রের মেডিক্যাল অফিসারের পরামর্শ মোতাবেক আহত ব্যক্তিকে ঢাকা মেডিকেলসহ যে কোন হাসপাতাল / ক্লিনিকে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
(ছ) আহত ব্যক্তির পরিচিত বা নিকট আত্মীয় কেউ থাকলে প্রশাসন বিভাগ তাদেরকে অবগত করবে। সার্বক্ষনিক সংশ্লিষ্ট আহত ব্যক্তির সাথে যোগাযোগ রক্ষা করা হবে।
(জ) আকস্মিক ঘটনায় জরুরী চিকিৎসা পদ্ধতি সম্পর্কে সকলকে নিয়মিত প্রশিক্ষন প্রদান করা হবে।

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

### আকস্মিক ঘটনায় জরুরী চিকিৎসা প্রদানের পরিকল্পনা বা প্রবাহ

আহত ব্যাক্তি



↓

প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা




↓

**বাম শাখা:**

প্রাথমিক চিকিৎসার পর আরোগ্য লাভ



আমি সুস্থ

↓

একই ঘটনা পূর্নরায় না ঘটার জন্য কাউন্সিলিং/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন



↓

**আহত ব্যাক্তি কে পূর্নরায় নিজ কর্মে বহাল করা**



**ডান শাখা:**

আহত ব্যাক্তি প্রাথমিক চিকিৎসার পর আরোগ্য লাভ না করলে




↓

রোগীকে কারখানার স্বাস্থ্য কেন্দ্রে প্রেরন



↓

রোগীকে কারখানার স্বাস্থ্য কেন্দ্রের রেজিঃ চিকিৎসক দ্বারা চিকিৎসা প্রদান



↓

**বাম শাখা:**

চিকিৎসার পর আরোগ্য লাভ



আমি সুস্থ

↓

একই ঘটনা পূর্নরায় না ঘটার জন্য কাউন্সিলিং/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন



↓

**আহত ব্যাক্তি কে পূর্নরায় নিজ কর্মে বহাল করা**



**ডান শাখা:**

স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসকের চিকিৎসায় আরোগ্য লাভ না করলে কিংবা রোগী মারাত্মক



↓

রোগীকে প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হাসপাতালে প্রেরন বা উন্নত চিকিৎসার জন্য অন্য মেডিক্যালে প্রেরন



↓

হাসপাতালের ডাক্তার কর্তৃক উন্নত চিকিৎসা প্রদান



↓

স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক কর্তৃক রোগীর অবস্থা পর্যবেক্ষন



↓

চিকিৎসার পর আরোগ্য লাভ

আমি সুস্থ

↓

**আহত ব্যাক্তি কে পূর্নরায় নিজ কর্মে বহাল করা** ↔ একই ঘটনা পূর্নরায় না ঘটার জন্য কাউন্সিলিং/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

### ৩.৫.৯ কেমিক্যাল দূর্ঘটনা ঃ

*এপেক্স হোল্ডিংস্ লিমিটেড* এর ব্যবস্থাপনায় পরিচালিত বিভাগ সমূহের মধ্যে যে সকল ভবন, বিভাগ বা সেকশন কেমিক্যাল সংরক্ষন করা হয় বা কেমিক্যাল নিয়ে কাজ করা হয়, সে সকল বিভাগে কোন ধরনের আকস্মিক রাসায়নিক দূর্ঘটনা প্রতিরোধ ও সৃষ্টি দূর্ঘটনা মোকাবেলার জন্য নিম্নলিখিত পরিকল্পনা মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে ঃ

(ক) কারখানায় আকস্মিক কেমিক্যাল দূর্ঘটনা সংঘটিত হলে তা মোকাবেলার জন্য জরুরী টিম গঠন করা হয়েছে ও জরুরী নিরাপত্তা টিমের আওতায় প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করা হবে।

(খ) প্রতিটি টিমকে জরুরী পরিস্থিতিতে তাদের দ্বায়িত্ব-কর্তব্য ও করনীয় বিষয়ে নিয়মিত প্রশিক্ষন করা হয়।

(গ) জরুরী পর্যবেক্ষনকারী টিম করখানায় সংরক্ষিত কেমিক্যেল যথানিয়মে সংরক্ষন করা হচ্ছে কিনা তা মনিটর করবে। কোথাও নিয়ম বর্হিভূত ভাবে কেমিক্যাল রাখা হলে বা ব্যবহার করা হলে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের সাথে আলোচনা করে সমাধান করবে।

(ঘ) কেমিক্যাল/ ডাইসগুলো কমপ্যাটিবিলিটি চার্ট অনুযায়ী রাখা হচ্ছে কিনা তা জরুরী টিম নিয়মিত মনিটর করবে।

(ঙ) দূর্ঘটনাবশত কোন কেমিক্যাল বা ডাইস পাত্রের বাইরে নিঃসরন হলে, তা জরুরী টিমের মাধ্যমে প্রয়োজনীয় সরঞ্জাম দ্বারা উদ্ধারের জন্য ব্যবস্থা গ্রহন করা হবে।

(চ) কেমিক্যাল স্টোরসহ যে সকল স্থানে কেমিক্যাল নিয়ে কাজ করা হয়, সেখানে অগ্নি নিরাপত্তা নিশ্চিত করা হবে।

(ছ) অনাকাংক্ষিতভাবে কেমিক্যাল এর কারনে অগ্নিকান্ডের সৃষ্টি হলে অগ্নি নিরাপত্তা টিম, অগ্নি নির্বাপনে পদক্ষেপ গ্রহন করবে।

(জ) সচেতনতনা বৃদ্ধিতে নিয়মিত কেমিক্যাল ড্রিল করা হয়।

(ঝ) কেমিক্যাল দূর্ঘটনায় কেউ আহত হলে তাকে প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করা হবে।

### ৩.৫.১০ বয়লার বিস্ফরন ঃ

কারখানার সার্বিক নিরাপত্তায় বয়লার বিস্ফরণ প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহন করা হয়েছে। তথাপি ভবিষ্যতে অনাকাংক্ষিত জরুরী অবস্থা মোকাবেলা এবং দূর্ঘটনা প্রতিরোধে নিম্ন লিখিত পদক্ষেপ গ্রহন করা হবে।

(ক) প্রতিটি বয়লার, বয়লার প্রধান পরিদর্শক কর্তৃক বছরে একবার পরিদর্শন করা হয়।

(খ) নিয়মিত সিডিউল মোতাবেক প্রতিটি বয়লার মেইনটেন্যান্স করা হয়।

(গ) দক্ষ বয়লার অপারেটর দ্বারা বয়লার পরিচালনা করা হয়।

(ঘ) কারখানার সার্বিক নিরাপত্তায় বয়লার রুম কারখানার প্রধান বিল্ডিং হতে আলাদা স্থানে স্থাপন করা হয়েছে।

(ঙ) প্রশাসন বিভাগ কর্তৃক নিয়মিত মনিটরিং করা হয়।

(চ) সাধারন নিরাপত্তা নিশ্চিত করতে অঅনুমোদিত ব্যক্তিদের প্রবেশাধিকার সংরক্ষিত করা হয়েছে।

(ছ) অনাকাংক্ষিত ভাবে কোন দূর্ঘটনা সংঘটিত হলে সাথে সাথে সংশ্লিষ্ট বিভাগের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জরুরী টিমের প্রধান ও প্রশাসন বিভাগকে অবহিত করবে। বৈদ্যুতিক সংযোগ বন্ধের ব্যবস্থা গ্রহন করবে।

(জ) জরুরী নিরাপত্তা টিমের সদস্যগন দ্রুত উক্ত স্থানটি অন্যান্য স্থাপনা হতে আলাদা করে নিরপত্তা বেষ্টনী নিশ্চিত করবে। জরুরী পরিস্থিতিতে পর্যবেক্ষন টিম পরিস্থিতি পর্যালোচনা করে ইউটিলিটি বিভাগের সাথে আলোচনা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে।

(ঝ) উক্ত দূর্ঘটনায় যদি কেউ আহত হলে প্রাথমিক চিকিৎসা দল তার চিকিৎসার ব্যবস্থা করবে।

(ঞ) জরুরী উদ্ধারকারী দল ও জরুরী অগ্নি নিরাপত্তা দল প্রস্তুত থাকবে প্রয়োজনে তারা পদক্ষেপ গ্রহন করবে।

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

# (Emergency Plan & Procedure)

## ৩.৫.১১ বিল্ডিং / কাঠামো ধসে পড়া ঃ

প্রাকৃতিক দূযোগে বা অনাকাংক্ষিত ভাবে কোন বিল্ডিং / কাঠামে ধসে পড়লে নিম্ন লিখিত জরুরী পদক্ষেপ গ্রহন করা হবে ঃ

(ক) অনাকাংক্ষিত দূর্ঘটনা প্রতিরোধে প্রতিটি বিল্ডিং যথাযথ নিয়ম অনুসরন করে নির্মান করা হয়েছে।

(খ) প্রতিটি বিল্ডিং নিয়মিত পরিদর্শন ও সংস্কার করা হয়।

(গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রতিটি বিল্ডিং নিয়মিত নীরিক্ষা করা হয় এবং সার্বক্ষনিক সিভিল ইঞ্জিনিয়ার এর তত্ত্বাবধায়নে মনিটরিং করা হয়।

(ঘ) কারখানায় জরুরী বর্হিগমনের পথগুলি সর্বদা বাধামুক্ত অবস্থায় রাখার ব্যবস্থা করা হয়েছে।

(ঙ) বিল্ডিং এর সংস্কার কাজ চলাকালীন উক্ত এলাকা ফাঁকা ও যথাযথ নিরাপত্তা নিশ্চিত করা হবে।

(চ) কোন বিল্ডিং বা কাঠামো ধসে পড়লে উক্ত এলাকা আলাদা ভাবে ঘিরে রাখা হবে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার এর নির্দেশনা মোতাবেক পদক্ষেপ গ্রহন করা হবে।

(জ) আহত এবং অসুস্থ্য শ্রমিকদের জরুরী প্রাথমিক চিকিৎসক দল, প্রাথমিক চিকিৎসা প্রদান করে স্বাস্থ্য কেন্দ্রে প্রেরণ করবে । উন্নত চিকিৎসার প্রয়োজন হলে তার ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ৩.৫.১২. মহামারী / সংক্রামক ভাইরাস/ সংক্রামক রোগ ঃ

মহামারী বা সংক্রামক রোগ দেখা দিলে নিম্ন লিখিত পদক্ষেপ নেওয়া হবে ঃ

(ক) রোগের প্রার্দূভাব সম্পর্কে অবগত হয়ে শ্রমিক-কর্মকর্তাকে রেজিস্টার চিকিৎসক দ্বারা পরামর্শ প্রদান করা হবে।

(খ) রেজিস্টার চিকিৎসকের পরামর্শ অনুযায়ী কি কি সাবধানতা অবলম্বন করতে হবে তা জানানো হবে।

(গ) রোগের প্রার্দূভাব বা বিস্তার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে।

(ঘ) বাংলাদেশ স্বাস্থ্য মন্ত্রনালয় এর নির্দেশনা অনুযায়ী নিরাপত্তা নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহন করা হবে।

(ঙ) কেউ অনুরূপ সংক্রামক রোগে আক্রান্ত হলে, চিকিৎসকের পরামর্শ মোতাবেক ছুটি, চিকিৎসাসহ প্রয়োজনীয় সহযোগীতা নিশ্চিত করা হবে।

(চ) জরুরী নিরাপত্তা টিমের মাধ্যমে সকলকে উক্ত বিষয়ে অধিক সচেতন করতে উদ্যোগ গ্রহন করা হবে।

## ৩.৬ প্রশিক্ষন প্রদান ও সনাক্তকরন (আর.এফ-১০) ঃ

(ক) জরুরী টিমের সকল সদস্যকে অগ্নি নিরাপত্তা, জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা ও প্রত্যেকের দায়িত্ব-কর্তব্য এবং করনীয় সম্পর্কে প্রতি ৬ (ছয়) মাসে অন্তত একবার প্রশিক্ষন প্রদান করা হবে।

(খ) কর্মরত সকল শ্রমিক-কর্মচারীকে জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হবে।

(গ) জরুরী টিমের সদস্যদের ছবিসহ তালিকা প্রতিটি উৎপাদন এলাকায় ঝুলানো হবে।

(ঘ) জরুরী টিমের সদস্যদের জন্য আলাদা পোশাক নির্ধারিত থাকবে যাতে সহজে তাদের চেনা যায়।

## ৩.৭ কারখানা বিল্ডিং এর নিরাপত্তা নিশ্চিত করতে পরিদর্শন ও মেরামতের ব্যবস্থা (আর.এফ-১৩) ঃ

কারখানা বিল্ডিং এর ধসে পড়া বা অনাকাংক্ষিত দূর্ঘটনা প্রতিরোধে যথাযথ নিয়ম অনুসরণ করে বিল্ডিং তৈরি করা হয় । সংশ্লিষ্ট দূর্ঘটনা নিরাপত্তা নিশ্চিত করতে নিয়মিত সিভিল ইঞ্জিনিয়ার দ্বারা পরিদর্শন ও সংস্কারের ব্যবস্থা করা হয়। যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহন ও বিল্ডিং এর নিরাপত্তায় ডিজাইন লোড মেনে মালামাল ও সরঞ্জাম রাখা হয়।

## ৩.৮ জরুরী অগ্নি মোহড়া ব্যবস্থা (আর.এফ-১৪) ঃ

(ক) অনাকাংক্ষিত দূর্ঘটনায় যাতে কেউ আতঙ্কিত না হয় এবং দূর্ঘটনা সংঘটিত হলে করনীয় সম্পর্কে সকলকে সচেতন করতে প্রতি তিন (৩) মাসে একবার অগ্নি মহড়ার আয়োজন করা হয়। ডে এবং নাইট উভয় শিফটে নিয়মিত অগ্নি মহড়া অনুষ্ঠিত হয়ে থাকে।

(খ) কারখানার স্বাস্থ্য ও জরুরি নিরাপত্তা টিম নিয়মিত পূর্ব অঘোষিত ভাবে জরুরী মোহড়ার আয়োজন করবে এবং জরুরী নিরাপত্তা টিম এই অগ্নি মহড়া বা জরুরী মোহড়া মনিটরিং করবে।

(গ) অগ্নি মোহড়াকালীণ কেউ আহত হলে/কোন সমস্যা হলে জরুরী নিরাপত্তা টিম প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে।

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

# (Emergency Plan & Procedure)

## অগ্নি মহড়া পরিকল্পনা বা প্রবাহ চিত্র

পূর্ব অঘোষিত ভাবে স্বাস্থ্য ও নিরাপত্তা দলের সচিব অগ্নি মহড়ার আয়োজন করবে ।

অগ্নি নিরাপত্তা বিভাগের সদস্য ফায়ার এলার্ম বাজাবে।

প্রতেকে দ্রুত ফ্লোর ত্যাগ করে এসেম্বলি পয়েন্ট এ এসে বিভাগ অনুযায়ী সারি বদ্ধ ভাবে দাঁড়াবে।

জরুরী নিরাপত্তা টিম প্রত্যেককে বিভাগ অনুযায় সারি বদ্ধ ভাবে দাঁড়াতে সহায়তা করবে।

প্রতিটি ফ্লোরের দায়িত্ব প্রাপ্ত অফিসার নিজ নিজ বিভাগের মাথা গননা করে জরুরী টিমের নিকট তথ্য প্রদান করবে।

প্রতিটি বিভাগের বিভাগীয় প্রধান সকলের অংশগ্রহন নিশ্চিত করবে।

জরুরী নিরাপত্তা টিম সবার পরে ফ্লোর ত্যাগ করবে এবং কেউ যাতে আতঙ্কিত না সে বিষয়ে সচেতন করবে।




অগ্নি মহড়ার ১৫ দিন পূর্বে ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্সকে অবহিত করা হবে।

প্রতিটি ফ্লোরে দায়িত্বরত লেডীচেকার ও নিরাপত্তা প্রহরী সিঁড়ি ও বর্হিগমন পথ ফাঁকা রাখার ব্যবস্থা করবে ও বের হতে সহায়তা করবে।

কেউ আহত হলে বা অসুস্থ্য হয়ে পড়লে জরুরী উদ্ধারকারী দল তাকে উদ্ধার করে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করবে।

জরুরী প্রাথমিক চিকিৎসা টিম, প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম নিয়ে এসেম্বলি পয়েন্ট এ অবস্থান করবে।

জরুরী নিরাপত্তা টিমের সদস্য / ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স এর সদস্য অগ্নি মহড়া মনিটরিং করবে।

সকলে সারি বদ্ধ ভাবে কাজের স্থানে ফিরে যাবে। কারখানা হতে বের হতে কত সময় লেগেছে তা উল্লখ পূর্বক প্রশাসন বিভাগ অগ্নি মহড়ার একটি প্রতিবেদন প্রস্তুত করবেন।

ফায়ার সেফটি অফিসার/ ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স এর সদস্য/ জরুরী নিরাপত্তা টিমের প্রধান প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করে সমাপ্তি করবেন।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রথম অনুমোদনের তারিখ | : | ০১-জুলাই-২০১৫ | পলিসি নং | : | ০২০ | সংস্করণ নং | : | ০৫ |
| রিভিশন নং | : | ০৭ | রিভিউ তারিখ | : | ৩০-অক্টোবর-২০২২ | কার্যকর তারিখ | : | ৩০-অক্টোবর-২০২২ |

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

# (Emergency Plan & Procedure)

## ৩.৯ ফায়ার ডিটেকশন, প্রটেকশন ডায়াগ্রাম ও অপারেশন সিসটেম (আর.এফ-১১) ঃ

কারখানার ইউটিলিটি বিভাগের বিভাগীয় প্রধানের তত্ত্বধায়নে কারখানার প্রতিটি এলাকার ফায়ার ডিটেকশন ও প্রটেকশন ডায়াগ্রাম প্রস্তুত ও সংরক্ষন করা হবে। তাতে ফায়ার ডিটেকশন ও প্রটেকশন সিসেটেম এর অপারেশন প্রসিডিউর উল্লেখ থাকবে।

## ৩.১০ কারখানায় কর্মরত সকলের জীবনের নিরাপত্তায় প্রতিরোধ মূলক ব্যবস্থা (আর.এফ-১২) ঃ

যে কোন অনাকাংক্ষিত দূর্ঘটনায় প্রথম অগ্রাধিকার সর্বদা জীবন রক্ষা করা। দ্বিতীয় অগ্রধিকার হল ঘটনাটির স্থিতিশীলতা। কমপক্ষে প্রতিটি কর্মচারী, দর্শনাথী, ঠিকাদারসহ বিভিন্ন ভাবে কর্মরত সকলের জন্য একটি জরুরী পরিকল্পনা তৈরি ও প্রয়োগ নিশ্চিত করাই হচ্ছে জীবনের নিরাপত্তায় প্রতিরোধ মূলক ব্যবস্থা। এ ব্যবস্থায় তৎক্ষনাত সতর্কতা, দ্রুত সরিয়ে নেয়া, বের হওয়ার ব্যবস্থা নিশ্চিত করা, নিরাপদ স্থানের ব্যবস্থা করা মাধ্যমে অনেক জীবন বাঁচতে পারে।

## ৪.০ দূর্ঘটনা কালীণ জরুরী ব্যবস্থা (During Emerency preparedness ) ঃ

| দূর্ঘটনাকালীণ জরুরী অবস্থা (During Emergency situation) | জরুরী প্রস্তুতি /পরিকল্পনা (Emerency preparedness) | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি (Responsible) |
|---|---|---|
| কোন কারনে কোন দূর্ঘটনা সংঘটিত হচ্ছে (চলমান), যার ফলে জান ও মালের ক্ষতির সম্ভাবনা রয়েছে এমন পরিস্থিতিকে দূর্ঘটনাকালীণ জরুরী অবস্থা বলা হয়। | (ক) তাৎক্ষনিক সর্তকতা মূলক ব্যবস্থা গ্রহন। | জরুরী নিরাপত্তা টিম ও সেফটি কমিটি |
| | (খ) দূর্ঘটনা কালীণ দ্রুত অপসারন/ বের হওয়া/ উদ্ধার করা। | নিরাপত্তা বিভাগ ও উদ্ধারকারী দল। |
| | (গ) শারীরিক ভাবে অক্ষম ব্যক্তিদের উদ্ধার করা । | নিরাপত্তা বিভাগ ও উদ্ধারকারী দল। |
| | (ঘ) উপস্থিতির হিসাব বা মাথা গননা করা। | সেফটি কমিটি ও ব্যবস্থাপক (উৎপাদন বিভাগ) । |
| | (ঙ) আহত ব্যক্তিদের দ্রুত নিরাপদে সরিয়ে নেওয়া বা উদ্ধারের চেষ্টা করা এবং চিকিৎসার ব্যবস্থা করা। | জরুরী নিরাপত্তা টিম ও সেফটি কমিটি। |
| | (চ) উদ্ধার কাজে বা সহযোগীতায় নিয়োজিত জরুরী টিম, ফায়ার সার্ভিস ও স্থানীয় প্রশাসন কে তথ্য ও অনুসন্ধান কেন্দ হতে তথ্য দিয়ে সহযোগীতা করা। | নিরাপত্তা বিভাগ, জরুরী নিরাপত্তা টিম ও সেফটি কমিটি। |

## ৪.১ তাৎক্ষনিক সর্তকতা মূলক ব্যবস্থা গ্রহন ঃ

(ক) দূর্ঘটনা কালীণ সবসময় বেশী অগ্রাধিকার দিতে হবে জীবনের নিরাপত্তায়।

(খ) আতঙ্কিত না হয়ে মাথা শান্ত রাখাতে হবে, নিজের সাধারণ জ্ঞন কে কাজে লাগতে হবে। পদক্ষেপ নেওয়ার আগে একটু ভেবে নিতে হবে কোন টি করা উচিত।

(গ) ফায়ার এলার্ম এর শব্দ শুনা মাত্র বা আলো দেখামাত্র কর্মস্থান ত্যাগ করে নিরাপদ স্থানে চলে যেতে হবে।

(ঘ) কর্তৃপক্ষ / জরুরী নিরাপত্তা নিমের নির্দেশনা অনুসন করতে হবে।নিদে

(ঙ) দূর্ঘটনা সংঘটিত হওয়ার সাথে সাথে তৎক্ষনাত সতর্ক করতে পি.এ সিসটেমের মাধ্যমে কোথায় দূর্ঘটনা সংঘটিত হয়েছে সে বিষয়ে অবহিত করা হবে। কি কি সাবধানতা অবলম্বন করতে হবে এবং করনীয় সম্পকে দিক নির্দেশনা প্রদান করা হবে।

(চ) অগ্নি কান্ড সংঘটিত হলে সতর্ক ব্যবস্থার অংশ হিসাবে ফায়ার এলাম বা সাইরেন বাজাতে হবে।

(ছ) জরুরী টিমের সদস্য গন নিশ্চিত করবে সকল এলাকায় এই এলার্ম শোনা গেছে কিনা ? যদি শোনা না যায় তবে ম্যানুয়াল বেলের মাধ্যমে অবহিত করবে।

### ৪.২ দূর্ঘটনা কালীণ দ্রুত অপসারন/ বের হওয়া/ দূর্ঘটনার স্থান ত্যাগ/ উদ্ধার পরিকল্পনা ঃ

(ক) জরুরী পরিস্থিতিতে প্রতিটি বিল্ডিং এর প্রতিটি তলার বা দরজা বর্হিগমন পথ বা সিঁড়ি বাঁধামুক্ত আছে কিনা তা চেক করে কোন প্রতিবন্ধকতা থাকলে তা দ্রুত সরিয়ে ফেলতে হবে।

(খ) দূর্ঘটনার স্থান হতে বের হয়ে এসেম্বলি পয়েন্ট বা নিরাপদ স্থানটি সনাক্তকরে সকলকে সে স্থানে সরিয়ে নেওয়ার ব্যবস্থা করতে হবে।

(গ) প্রতিটি ভবনের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ফ্লোরে অবস্থান কৃত ব্যক্তিদের সরিয়ে নেওয়ার জন্য নিম্ন লিখিত উপায়ে পদক্ষেপ গ্রহন করবেন-

**ধারাবাহিক ভাবে জনবল উদ্ধার বা অপসারন বা বের করতে হবে**

- সবার আগে আহত ও অক্ষম ব্যাক্তি দের অপসারন বা উদ্ধার করবে ।
- শিশু ও গর্ভবর্তী মা দের অপসারন বা উদ্ধার করতে হবে।
- মহিলা ও বাইরে হতে আগত ব্যক্তিদের অপসারন বা উদ্ধার করতে
- এরপর অন্যান্য সকলে অপসারন বা উদ্ধার করতে

| | |
|---|---|
| সর্বপ্রথম ☞ | • যে ফ্লোরে আগুন লেগেছে দূর্ঘটনা সংঘটিত হয়েছে।<br>• সবথেকে ঝুকিপূর্ন এলাকা বা কেমিক্যাল সংরক্ষন এলাকা। |
| দ্বিতীয়ত ☞ | • যে ফ্লোরে আগুন লেগেছে দূর্ঘটনা সংঘটিত হয়েছে তার উপরের ফ্লোরের গুলি পযায়ক্রমে।<br>• বায়ার, ভিজিটর, পরিদর্শক বা বাহির হতে আগত জনবল। |
| তৃতীয়ত ☞ | • এর পর পর্যায়ক্রমে যে ফ্লোরে আগুন লেগেছে তার নীচের ফ্লোর গুলি পর্যায়ক্রমে।<br>• সর্বশেষ নীচের ফ্লোরের জনবল অপসারন করতে হবে। |

(ঙ) দূর্যোগ কালীন কারখানায় অবস্থানরত বায়ার/ ভিজিটর দের প্রয়োজনীয় সহযোগীতা ও উদ্ধারের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যাক্তি ব্যবস্থা গ্রহন করবে ।

(চ) কারখানার শারীরিক ভাবে অক্ষম ব্যক্তিদের সংখ্যা ও প্রকৃতি চিহ্নিত করে দূর্ঘটনা কালীন তাদের কারখানা থেকে সরিয়ে নেয়ার জন্য দ্বায়িত্বপ্রাপ্ত ব্যক্তি রয়েছেন, যারা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে।

(ছ) কারখানার গর্ভবতী মা-দের নিরাপদে বের হওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাদের সহযোগীতার জন্য দ্বায়িত্বপ্রাপ্ত ব্যক্তি পদক্ষেপ গ্রহন করবেন।

(জ) শিশু পরিচর্যা কেন্দ্রের বাচ্চাদের নিরাপত্তার নির্ধারিদ উদ্ধারকারী টিম বাচ্চাদের উদ্ধার করবেন।

(ঝ) যে কোন দূর্ঘটনায় আহত ব্যক্তি কে দ্রুত উন্নত চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার জন্য জরুরী চিকিৎসা দল ব্যবস্থা গ্রহন করবে।

(ঞ) বাহিরের কেউ বা কোন সন্ত্রাসী প্রতিষ্ঠানে কোন ক্ষতি বা ভিতরে প্রবেশের চেষ্টা করলে সেক্ষেত্রে প্রথমে নিরাপত্তা বিভাগের কর্মীরা সংঘটিত হয়ে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলবে এবং প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে জানাবে। সাথে সাথে জরুরী

Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

কমিটির সহকারী গন শিল্প পুলিশ (গাজিপুর)-০১৭৩০৭৩৯৬৯০, কালিয়াকৈর থানায় ০৬৮১-৫১০১০ নাম্বারে বা র‍্যাপিড এ্যাকশন ব্যাটিলিয়ানকে ৮৯৬৩৪১৯, ০৭১১৮০০৪২৩ নাম্বারে ফোন করে দ্রুত সহযোগীতা চাইবে।

(ট) দূর্ঘনটা যদি এমন হয় যে, ফ্লোর ত্যাগ করার মত অবস্থা বা সময় না পাওয়া যায় সেক্ষেত্রে জরুরী টিমের নির্দেশনা অনুযায়ী ফ্লোরের নিরাপদ স্থানে অবস্থান করতে হবে। পরবর্তীতে বের হওয়ার অনুকূল পরিবেশ তৈরি হলে পর্যায়ক্রমে ফ্লোর ত্যাগ করবে।

(ঠ) ফ্লোর ত্যাগ করার পর সকলে এসেম্বলী পয়েন্টে অথবা জরুরী নিরাপত্তা টিম কর্তৃক মনোনীত নিরাপদ স্থানে অবস্থান করতে হবে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সেখানে অবস্থান করতে হবে। কর্তৃপক্ষ বা জরুরী নিরাপত্তা টিম এর নির্দেশ ছাড়া কারখানা বা এসেম্বলী পয়েন্টে ত্যাগ করে কোথাও যাওয়া যাবে না।

(ড) দূঘটনাকালীন বিশেষ ব্যবস্থায় দায়িত্ব প্রাপ্ত জরুরী টিমের তত্ত্বাবধায়নে শিশু, অক্ষম, বর্হিরাগত আগমনকারী, সন্তান সম্ভাবা মা-দের উদ্ধারের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহন করা হবে এবং ফ্লোর বা দূর্ঘটনা স্থান আগে ত্যাগ করতে অগ্রধিকার দেওয়া হবে।

### ৪.৩ যে কোন জরুরী মূহূর্তে শারীরিক ভাবে অক্ষম ব্যক্তিদের উদ্ধারে গ্রহীত পদক্ষেপ (আর.এফ-৮) ঃ

(ক) কারখানার নিয়োগ প্রাপ্ত শারীরিক ভাবে অক্ষম ব্যক্তিদের সংখ্যা ও প্রকৃতি চিহ্নিত এবং তাদের কাজের স্থান উল্লেখ পূর্বক তালিকা প্রস্তুত করা হবে।

(ঢ) জরুরী পরিস্থিতিতে তাদের কারখানা থেকে সরিয়ে নেয়ার জন্য সবার আগে অগ্রাধিকার প্রদান করা হবে।

(ণ) শারীরিক ভাবে অক্ষম ব্যক্তিদের কারখানা থেকে সরিয়ে নেয়ার জন্য দ্বায়িত্বপ্রাপ্ত ব্যক্তি মনোনীত থাকবে, যারা প্রয়োজনীয় জরুরী পরিস্থিতিতে তাদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার ব্যবস্থা গ্রহন করবে।

### ৪.৪ উপস্থিতির হিসাব বা মাথা গননা (আর.এফ-৯) ঃ

(ক) প্রতিদিন কারখানার প্রতিটি কর্মএলাকায় উপস্থিত ও কর্মরত শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তার তথ্য সংরক্ষন করা হবে।

(খ) কারখানায় নিয়োগপ্রাপ্ত ও উপস্থিত শিশু, অক্ষম, বর্হিরাগত আগমনকারী ও সন্তান সম্ভাবা মা-দের তালিকা সংরক্ষনসহ প্রতিদিন এর উপস্থিতির তথ্য সংরক্ষন করা হবে।

(গ) দূঘটনাকালীন কেউ আহত হয়েছে কিনা বা অনুপস্থিত যাচাই এর জন্য জরুরী টিমের তত্ত্বাবধায়নে সংশ্লিষ্ট বিভাগের অফিসার দ্বারা এসেম্বলী পয়েন্টে মাথা গননার করা হবে।

(ঙ) মাথা গননার পর সংরক্ষিত উপস্থিতির রেকর্ডের সাথে মিলিয়ে দেখতে হবে এখানে কেউ অনুপস্থিত আছে কিনা ? যদি কাউকে এসেম্বলী পয়েন্টে পাওয়া না যায় তাহলে জরুরী ইনফরমেশন বা তথ্য কেন্দ্রে অবহিত করতে হবে।

### ৪.৫ জরুরী সেবা/ তথ্য ও অনুসন্ধান কেন্দ্র ঃ

(ক) জরুরী সেবা নিশ্চিত করতে তথ্য ও অনুসন্ধান কেন্দ্র স্থাপন করা হবে। জরুরী তথ্য ও অনুসন্ধান কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি পূর্বে মনোনীত করা হবে। জরুরী তথ্য কেন্দ্রের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা প্রদান করা হবে।

(খ) তথ্য ও অনুসন্ধান কেন্দ্রের মাধ্যমে অনাকাংক্ষিত পরিস্থিতে প্রয়োজনী তথ্য প্রদান, যেমন- উপস্থিতি, শিশু, অক্ষম, বর্হিরাগত আগমনকারী, সন্তান সম্ভাবা মা তালিকা, নিরাপদ স্থান বা এসেম্বলী পয়েন্ট সম্পর্কে জানানো হবে ।

(গ) কমিটি প্রধানের নির্দেশনা সকলকে অবহিত করবে । ফায়ার সার্ভিস, পুলিশ প্রশাসন, স্থানীয় জন প্রতিনিধিকে প্রয়োজনীয় তথ্য প্রদান করে সহায়তা করবে।

(ঘ) জরুরী ইনফরমেশন বা তথ্য কেন্দ্রে মাথা গননার পর, তথ্য অনুযায়ী সম্ভাব্যতা বিবেচনায় আহত বা ফ্লোরে লোকজন আটকা থাকলে উদ্ধারের জন্য ফায়ার সার্ভিস বিভাগকে অবহিত করবে।

(ঙ) দূর্ঘটনা প্রতিরোধে বা উদ্ধার কাজে নিয়োজিত ব্যক্তিদের তালিকা প্রস্তুত করা হবে এবং তাদের কার্যক্রম মনিটরিং ও সার্বক্ষনিক যোগাযোগ করা হবে। তারা কোন বিপদে পড়লে তাদের নিরাপত্তায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

**Apex Holdings Limited**

Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212

TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850


# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা

## (Emergency Plan & Procedure)

### ৫.০ দূর্ঘটনা পরবর্তী জরুরী অবস্থা (Post Emerency situation /preparedness ) ঃ

| দূর্ঘটনা পরবর্তী জরুরী অবস্থা (Post Emergency situation) | জরুরী প্রস্তুতি /পরিকল্পনা (Emerency preparedness) | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি (Responsible) |
|---|---|---|
| কোন কারনে কোন দূর্ঘটনা সংঘটিত হওয়ার পরের পরিস্থিতিকে দূর্ঘটনা পরবর্তী জরুরী অবস্থা বলা হয়। | (ক) শান্ত থাকার চেষ্টা করতে হবে। সবসময় বেশী অগ্রাধিকার দিতে হবে জীবনের নিরাপত্তায়। অবস্থানের জন্য নিরাপদ স্থান খুজে বের করতে। দূর্ঘটনা পরবর্তী করনীয় ও সাবধানতা বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>(খ) এসেম্বলী পয়েন্টে এ উপস্থিত সকলকে বিভাগ অনুযায়ী গননা করতে হবে যে কতজন কারখানা হতে বের হতে পেরেছে। আজকের হাজিরার সাথে মিলিয়ে দেখতে হবে কতজন অনুপস্থিত রয়েছে।<br>(গ) জরুরী সেবা/ তথ্য ও অনুসন্ধান কেন্দের মাধ্যমে কারখানার কোথাও কেউ আটকে পড়ে আছে কিনা ? কোন বিভাগের কত জন নিখোজ আছে, কতজন আহত এবং কতজন নিহত এই সকল তথ্য সংগ্রহ করতে হবে।<br>(ঘ) শারীরিক অক্ষম/সন্তান সম্ভাবা মা/শিশুদের উদ্ধারে পদক্ষেপ গ্রহন করতে হবে।<br>(ঙ) উদ্ধারকারী দল ও ফায়ার সার্ভিসকে সকল প্রকার তথ্য প্রদান করে সর্বপ্রথম আটকা পড়া লোকজন দের উদ্ধারের ব্যবস্থা করতে হবে।<br>(চ) একটি নিরাপদ স্থানে আহত ব্যাক্তিদের জরুরী প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করা হবে। গুরুতর আহত ব্যাক্তিদের উন্নত চিকিৎসার জন্য বাইরে হাসপাতালে পাঠানোর ব্যবস্থা করতে হবে।<br>(ছ) দূর্ঘটনায় ক্ষতিগ্রস্থ স্থাপনার অবস্থা ইঞ্জিনিয়ার দ্বারা পরীক্ষা করে, কোন ভবন ঝুঁকিপূর্ন হলে তা চিহ্নিত করে সেখানে সকল প্রকার প্রবেশাধিকার রোধ করতে হবে।<br>(জ) গ্যাস লিক বা দাহ্য তরল ছড়িয়ে পড়া হতে নিরাপদ এবং সকল প্রকার ঝুকি মুক্ত নিশ্চিত না হওয়া পর্যন্ত ইলেকট্রিক লাইন চালু করা যাবে না।<br>(ঝ) দূর্ঘটনায় গ্রস্থ এলাকা দক্ষতা সম্পন্ন ইঞ্জিনিয়ার ও মনিটরিং কমিটির মাধ্যমে যথাযথ ভাবে নিরীক্ষা করতে হবে। নিরীক্ষা প্রতিবেদনে দূর্ঘটনা গ্রস্থ এলাকা সার্বিক অবস্থা বিস্তারিত উল্লেখ করতে হবে। এই প্রতিবেদনের উপর ভিত্তি করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কারখানা কাজ করার জন্য নিরাপদ মনে করলে পূর্নরায় চালু করার উদ্যোগ গ্রহন করবেন। | (ক) জরুরী নিরাপত্তা টিম ও সেফটি কমিটি<br>(খ)নিরাপত্তা বিভাগ<br>(গ) প্রশাসনিক প্রধান<br>(ঘ)ইউটিলিটি বিভাগ প্রধান<br>(ঙ) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ |

### ৬.০ অর্গানাইজেশন ঃ



Apex Holdings Limited
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
# (Emergency Plan & Procedure)

## ৬.১ জরুরী পরিকল্পনা বাস্তবায়নকারী কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্য ঃ

### ৬.১.১ বিভাগীয় প্রধান (প্রশাসন ও মানব সম্পদ-কর্পোরেট) ঃ

- এপেক্স হোল্ডিংস লিমিটেড এর প্রশাসনিক প্রধান, জরুরী পরিকল্পনা বাস্তবায়নের প্রধান দায়িত্বে থাকবেন।
- এ সংক্রান্ত সকল প্রকার সিদ্ধান্ত গ্রহন ও পর্যবেক্ষন করবেন এবং সংশ্লিষ্ট কার্যে অনুমোদন প্রদান করবেন।
- ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমতি ক্রমে নীতিমালার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও পরিবর্তন করবেন।

### ৬.১.২ বিভাগীয় প্রধান (প্রশাসন ও মানব সম্পদ-কারখানা) ঃ

- জরুরী পরিকল্পনা প্রনয়ন ও তার বাস্তবায়নে পদক্ষেপ গ্রহন।
- শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাদের জরুরী পরিকল্পনা সম্পর্কে সচেতনতায় প্রয়োজনীয় ভূমিকা পালন করা।
- জরুরী মূহূর্তে পরিকল্পনার সঠিক বাস্তবায়ণে সকল ধরনের লজিস্টিক সার্পোট প্রদান করা।

### ৬.১.৩ বিভাগীয় প্রধান (কমপ্লায়েন্স) ঃ

- জরুরী পরিকল্পনা প্রনয়ন, বাস্তবায়ন ও মনিটরিং করা।
- বায়ার নিরীক্ষণ কারীদের সাথে নীতিমালার সার্বিক দিকগুলো উপস্থাপন করে এর দূর্বল দিকগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা এবং তা বাস্তবায়ন করা।

### ৬.১.৪ নির্বাহী/ কল্যান কর্মকর্তা (প্রশাসন ও মানব সম্পদ) ঃ

- জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা ও জরুরী মূহূর্তে করনীয় সম্পর্কে সকলকে সচেতন করা।
- প্রতিষ্ঠানের শ্রমিক, কর্মচারী ও জরুরী নিরাপত্তা দলের সদস্যদের প্রশিক্ষণ প্রদান ও নিয়মিত সভার আয়োজন করা।
- জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা নিয়ে ট্রেড ইউনিয়ন ও সেফটি কমিটির সাথে নিয়মিত কথা বলা এবং যদি কোন সমস্যা থাকে তবে সে বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে কথা বলা।

### ৬.১.৫ জরুরী নিরাপত্তা দল ঃ

- কারখানার সার্বিক নিরাপত্তায় দিকনির্দেশনা প্রদান।
- অগ্নি মহড়া মনিটরিং এবং নিরাপত্তায় নির্দেশনা প্রদান ।
- জরুরী মুহূর্তে বা পরিস্থিতিতে সকল কার্যক্রম তদারকি, করনীয় নির্ধারন এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন।
- ফায়ার সার্ভিস, পুলিশ প্রশাসন, স্থানীয় জন প্রতিনিধি ও সরকারী সংস্থাকে অবহিত ও প্রয়োজনী তথ্য প্রদান।

### ৬.১.৬ সেফটি কমিটি ঃ

- সেফটি কমিটি জরুরী মূহূর্তে তদারকীর দায়িত্ব পালন করবে।
- সকলকে নিরাপদ স্থানে সরিয়ে নিতে সহায়তা করবেন।
- বাহির হতে আগত উদ্ধারকারী দলকে প্রয়োজনীয় সহায়তা করবেন ।
- এ্যাসেম্বলি পয়েন্টে অবস্থানরত দের সারিবদ্ধ ভাবে নিজ লাইনে দাঁড়াতে সহায়তা করবেন।

### ৬.১.৭ নিরাপত্তা বিভাগ ঃ

- জরুরী মূহূর্তে বর্হিরাগত কেউ যাতে কারখানায় প্রবেশ করতে না পারে তা রক্ষা করা।
- সবাইকে নিরাপদে কারখানা ও ফ্লোর ত্যাগ করতে সহায়তা করা।
- উদ্ধারের জন্য আগত ফায়ার সার্ভিস কে সহায়তা করা ।

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850

AHL/Admin/EPP/001/0187

# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
## (Emergency Plan & Procedure)

### ৭.০ যোগাযোগ পদ্ধতি ঃ

| কাজ | বাস্তবায়ন প্রক্রিয়া | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | বাস্তবায়নের সময় |
|---|---|---|---|
| ৭.১ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ | জেনারেল মিটিং এ আলোচনার মাধ্যমে অথবা ই-মেইলের মাধ্যমে অবহিত করতে হবে এবং সভার কার্য বিবরনী সংযোজন করে তা সংরক্ষণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) | পলিসি অনুমোদন এর পর |
| ৭.২ দায়িত্ব প্রাপ্ত দলের সাথে যোগাযোগ | সাধারণ মিটিং এর মাধ্যমে সবাইকে অবগত করণ এবং প্রত্যেকে এই পলিসি বুঝেছে এই মর্মে স্বাক্ষর গ্রহণ। | ব্যবস্থাপক (প্রশাসন) | নীতিমালা প্রনয়ন হওয়ার পর। |
| ৭.৩ জরুরী নিরাপত্তা টিমের সাথে যোগাযোগ | প্রতি ছয় মাসে কমপক্ষে একবার জরুরী অগ্নি নির্বাপক দল, উদ্ধারকারী দল এবং জরুরী প্রাথমিক চিকিৎসা এবং ফায়ার বিভাগের সবাইকে নিয়ে জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন)<br>ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)<br>ও<br>ফায়ার অফিসার | প্রতি ছয় মাসে একবার |
| ৭.৪ পুরাতন শ্রমিকদের সাথে যোগাযোগ | প্রতিমাসে ফায়ার সেইফটি এন্ড জেনারেল সেফটি ট্রেনিং ও নোটিশ বোর্ড এবং পি এ সিস্টেমের এর মাধ্যমে পর্যায়ক্রমে পুরাতন শ্রমিকদের এই বিষয় সম্পর্কে অবগত করা হবে। | ব্যবস্থাপক (প্রশাসন)<br>ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)<br>ও<br>ফায়ার অফিসার | প্রতি বছরে একবার |
| ৭.৫ নুতন শ্রমিকদের সাথে যোগাযোগ | প্রতি মাসে নিয়োগপ্রাপ্ত শ্রমিকদের জন্য আয়োজিত ওরিয়েন্টেশন ট্রেনিং এর সময় জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা বিষয়ে অবগত করা হবে। | কল্যাণ কর্মকর্তা | যোগদানের দিন |
| ৭.৬ কর্মরত উৎপাদন বিভাগের কর্মকর্তাদের অবগত করণ। | প্রশিক্ষন ও নোটিশ বোর্ডের মাধ্যমে যোগাযোগ করা হবে এবং পি এ সিস্টেমের মাধ্যমে তা প্রচার করা হবে। | ব্যবস্থাপক(প্রশাসন)<br>ও<br>কল্যাণ কর্মকর্তা | নিয়মিত |
| ৭.৮ স্টেকহোল্ডার ও পন্য সরবরাহকারীদের নীতিমাল সম্পর্কে অবগত করা। | ইমেল / ওয়েব সাইটে এ আপলোড করার মাধ্যমে নীতিমালা সম্পর্কে অবগত করা হবে। | বিভাগীয় প্রধান (এডমিন এন্ড এইচ আর) | প্রতি বছরে একবার |

### ৮.০ ফিডব্যাক এবং কন্ট্রোল (আর.এফ-১৬) ঃ

| ফিডব্যাক এবং কন্ট্রোল | কার্য পদ্ধতি | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | সময় সীমা |
|---|---|---|---|
| ৮.১ জরুরী নিরাপত্তা কার্যক্রম পর্যবেক্ষন ও ইন্টারনাল অডিট | **ইন্টারনাল অডিটে যে সমস্ত বিষয়সমূহ বিবেচনা করা হবে তা নিম্নরুপ ঃ**<br># শ্রমিদের সাক্ষাৎকার গ্রহণ, ডকুমেন্ট রিভিউ এবং মিড লেভেল মেনেজমেন্টের সাক্ষাতকার।<br># ফায়ার ডিপার্টমেন্টের স্বাক্ষাৎকার ।<br># ফায়ার সেইফটি কমিটি এবং ইমারজেন্সী প্রিপেয়ার্ডনেস টিমের সদস্যদের স্বাক্ষাৎকার ও নথিপত্র পরীক্ষা করা। | ইন্টারনাল অডিট টিম | প্রতি ছয় মাসে একবার |

**Apex Holdings Limited**
Shanta Skymark, Levels: 8th-13th,18 Gulshan Avenue, Dhaka-1212
TEL# 88-02-9883358, FAX# 88-02-9861685 OR 58810850



# জরুরী অবস্থা মোকাবেলায় কর্মপরিকল্পনা
## (Emergency Plan & Procedure)

| | | | |
|---|---|---|---|
| | # ফায়ার ম্যান দ্বারা পূরনকৃত চেকলিস্ট পরীক্ষা করতে হবে এবং প্রাপ্ত সমস্যা সমাধান করা হয়েছে তার উল্লেখ করতে হবে। # কমিটির মিটিং ও ট্রেনিং ডকুমেন্ট পর্যালোচনা করতে হবে যে, সকলে এ বিষয়ে অবগত ও প্রত্যেকে তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করছে কিনা? # সকল নিরপত্তা উপাদান সঠিক ভাবে কার্যকর অবস্থায় আছে কিনা তা নিরীক্ষা করতে হবে। | | |
| ৮.২ রিপোর্টিং | ইন্টারনাল অডিট হতে প্রাপ্ত বিষয়াদি নিয়ে একটি রিপোর্ট তৈরী করতে হবে। উধ্বর্তন কর্তৃপক্ষকে উক্ত রিপোর্ট সম্পর্কে জানাতে হবে। প্রত্যেকটি সমস্যার কারণ অনুসন্ধান করতে হবে এবং সমস্যা সমাধানে কর্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (কমপ্লায়েন্স)ও ইন্টারনাল অডিট টিম | ইন্টারনাল অডিট সম্পন্ন করার পর |
| ৮.৩ নিয়ন্ত্রন | ফিডব্যাকের মাধ্যমে প্রাপ্ত ফলাফল অনুযায়ী যদি প্রক্রিয়াগত কোন পরিবর্তন প্রয়োজন হয় সেক্ষেত্রে তা অবশ্যই করতে হবে। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | প্রয়োজনকালীন সময় |

## ৯.০ জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনা হালনাগাদ বা পরিবর্তন/ সংশোধন ও অনুমোদন (আর.এফ-১৮) ঃ

| হালনাগাদ বা পরিবর্তন / সংশোধন ও অনুমোদন | কার্য পদ্ধতি | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা | সময় সীমা |
|---|---|---|---|
| ৯.১ পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা পরিবর্ধন। | এপেক্স হোল্ডিংস লিমিটেড এর কর্তৃপক্ষ যেকোন জরুরী পরিস্থিতিতে পরিকল্পনায় দেশের প্রচলিত আইনের সাথে সামঞ্জস্য রেখে যেকোন ধরনের পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা পরিবর্ধন করতে পারবে। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | প্রয়োজনকালীন সময় |
| ৯.২ জরুরী মূহূর্তে রিপোটিং ও নির্দেশনা। | যে কোন জরুরী মূহূর্তে সংশ্লিষ্ট দূর্ঘটনা কবলিত বিল্ডিং এর দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি বা জরুরী নিরাপত্তা টিমের তদারকীর দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি জরুরী কমিটি প্রধান কে রিপোর্ট করবেন। জরুরী কমিটি প্রধান এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট ব্যক্তি তা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে। | জরুরী নিরাপত্তা টিম ও অপারেশনস্ প্রধান | প্রয়োজনকালীন সময় |
| ৯.৩ রিভিউ বা হালনাগাদ। | জরুরী নিরাপত্তা পরিকল্পনা বছরে কমপক্ষে একবার হালনাগাদ করা হবে। | বিভাগীয় প্রধান (এডমিন) | বছরে একবার |
| ৯.৪ কর্মরত শ্রমিক-কর্মকর্তা ও কারখানায় অবস্থানরত বর্হিরাগত আগমনকারীর জরুরী মূহূর্তে দায়বদ্ধতা। | যে কোন জরুরী মূহূর্তে প্রত্যেক শ্রমিক-কর্মচারী, কর্মকর্তা ও বর্হিরাগত আগমনকারী জরুরী পরিকল্পনা নির্দেশনা মেনে চলবে। জরুরী নিরাপত্তা টিমের সদস্যদের নির্দেশনা অনুসরন করবে। একে অপরকে নিরাপদ রাখতে সহায়তা করবে। | কর্মরত শ্রমিক-কর্মকর্তা ও বর্হিরাগত আগমনকারী | সর্বদা |
| ৯.৫ অনুমোদন । | জরুরী অবস্থা মোকাবেলা পরিকল্পনার যেকোন ধরনের পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা পরিবর্ধন প্রয়োজন হলে তা নির্ধারিন পূর্বক অনুমতি গ্রহন করতে হবে । এই পরিকল্পনার চুড়ান্ত অনুমোদন প্রদান করবেন ব্যবস্থাপনা পরিচালক বা পরিচালনা পর্ষদ। | বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) | প্রয়োজনকালীন সময় |